NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

৭ বিচারপতি বর্মাকে সরাতে তিন সদস্যের কমিটি গঠন স্পিকারের

নকল আধার কার্ড তৈরি, গ্রেপ্তার ২ ৫

কলকাতা ১৩ অগস্ট ২০২৫ ২৭ শ্রাবণ ১৪৩২ বুধবার উনবিংশ বর্ষ ৬৫ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 13.08.2025, Vol.19, Issue No. 65, 8 Pages, Price 3.00

ওবিসি মামলায় শুনানি নয় দ্রুত

নিজস্ব প্রতিবেদন: ওবিসি মামলার জট কিছুতেই কাটছে না। মঙ্গলবার এনিয়ে রাজ্যের দ্রুত শুনানির আবেদনের পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্ট জানায়, বৃহস্পতিবার শুনানি হবে। প্রধান বিচারপতি সাফ জানান, যে সময় মামলাটি তালিকায় রয়েছে, সেই সময়ই শুনানি হবে। আসলে ওবিসি মামলার জেরে আটকে রয়েছে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স, নার্সিং-সহ একাধিক পরীক্ষার ফলপ্রকাশ, যাতে সমস্যায় পড়তে হচ্ছে ছাত্রছাত্রীদের। তার জেরে মামলাটির দ্রুত শুনানির আবেদন জানানো হয়েছিল। কিন্তু মূল মামলার শুনানি ৯ সেপ্টেম্বর।

রাজ্যের নতুন ওবিসি তালিকার উপর স্থগিতাদেশ প্রত্যাহৃত হয়েছে আগেই। জয়েন্ট-সহ নানা পরীক্ষায় ভর্তিতে নতুন করে জট তৈরি হয়েছে হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দের এই নির্দেশে। এরপরই এ ব্যাপারে মামলা করে রাজ্য। তবে রাজ্যের এই আবেদন সোমবার ফেরায় সুপ্রিম কোর্ট। এরপর মঙ্গলবার ফের একাধিক জটিলতার কথা জানিয়ে দ্রুত শুনানির আবেদন জানায় রাজ্য। রাজ্যের সেই আবেদনও ফিরিয়ে দেয় সুপ্রিম কোর্ট। পাশাপাশি শীর্ষ আদালতের তরফ থেকে জানানো হয়, 'ওবিসি মামলায় দ্রুত শুনানি নয়।'

গত ২৮ জুলাই ওবিসি শংসাপত্রের বিজ্ঞপ্তি সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট। হাইকোর্টের ওই রায় নিয়ে প্রশ্ন উঠেছিল শীর্ষ আদালতে। সোমবার সেই মামলার শুনানি এক মাস পিছিয়ে দেয় সুপ্রিম কোর্ট। প্রসঙ্গত, ওবিসি জটের জেরে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের ফলপ্রকাশও এত দিন ধরে আটকে রয়েছে। অনিশ্চয়তার মুখে পড়েছে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ।

আর সেই কারণেই ওবিসি শংসাপত্রের বিজ্ঞপ্তি সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেছিল রাজ্য সরকার। রাজ্যের তরফে দ্রুত শুনানির আবেদন জানানো হয়েছিল। সেই আর্জি শোনেননি প্রধান বিচারপতি বিআর গাভাই। মঙ্গলবারও এনিয়ে দ্রুত শুনানির আবেদন খারিজ করে সুপ্রিম কোর্ট। এরপরই জানানো হয়, এক মাস পর নির্ধারিত দিনেই ওই মামলার শুনানি হবে। ফলে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনেই জয়েন্টের ফল প্রকাশ করতে হবে রাজ্যকে, জানিয়ে দিয়েছে শীর্ষ আদালত।

নাগরিকত্বের চূড়ান্ত প্রমাণ নয় আধার

নির্বাচন কমিশনের সিদ্ধান্তেই সায় দিল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১২ অগস্ট: আধার কার্ড নাগরিকত্বের চূড়ান্ত প্রমাণপত্র হতে পারে না। নির্বাচন কমিশনের সিদ্ধান্তেই সায় দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালত জানিয়ে দিল, আধার কার্ড কেবলই পরিচয়পত্র। সেটা নাগরিকত্বের চূড়ান্ত প্রমাণপত্র হতে পারে না। কমিশন যে সিদ্ধান্ত নিয়েছে সেটাই সঠিক।

বিহারের স্পেশ্যাল ইনটেনসিভ রিভিশন নিয়ে একাধিক মামলা দায়ের হয়েছে সুপ্রিম কোর্টে। এই সংক্রান্ত একটি মামলার শুনানিতে বিচারপতি সূর্য কান্তর নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ জানিয়ে দিল, 'নির্বাচন কমিশনই ঠিক। আধারকে নাগরিকত্বের চূড়ান্ত প্রমাণপত্র হিসাবে গ্রহণ করা যায় না। এটা যাচাই করার প্রয়োজন পড়ে।' ঘটনাচক্রে এই সুপ্রিম কোর্টই সম্প্রতি বিহারের নিবিড় সংশোধনে আধার কার্ড যোগ করার পরামর্শ দিয়েছিল নির্বাচন কমিশনকে। কিন্তু কমিশন সেই পরামর্শ খারিজ করে জানিয়ে দিয়েছে, বিশেষ নিবিড় সংশোধনে আধার কার্ড বা ভোটার কার্ড গ্রহণ করা যাবে না।

মামলার শুনানি চলাকালীন আইনজীবী কপিল সিব্বল আদালতে জানান, আবেদন করার জন্য কমিশন যে নথিগুলির কথা

বলছে, যদি তা কারও কাছে না থাকে, তবে তিনি কী ভাবে আবেদন করবেন? যদিও বিচারপতি কান্ত বলেন, 'ফর্মে কোথায় লেখা আছে সব নথি থাকা বাধ্যতামূলক?' তিনি আরও বলেন, 'নাগরিকত্বের জন্য কোনও একটি নথি অবশ্যই থাকতে হবে। প্রত্যেকেরই কিছু না কিছু নথি রয়েছে। একটি সিমকার্ড কিনতে গেলেও নথি দিতে হয়। উদাহরণ হিসাবে বলছি, জাতিগত শংসাপত্রও অনেকে দিতে পারেন। কোনও নথি অবশ্যই রয়েছে। সরকার বা স্থানীয় প্রশাসন কর্তৃক দেওয়া কোনও না কোনও নথি কমিশন তো গ্রহণ করছে।'

উল্লেখ্য, বিহারের এসআইআর-এর জন্য নাগরিকত্বের প্রমাণপত্র হিসাবে মোট ১১টি নথির তালিকা দিয়েছে কমিশন। কিন্তু অনেক ভোটারের কাছে এই ১১ নথির কোনওটিই নেই। সেইসব ভোটারদের আবার অধিকাংশই প্রান্তিক, দরিদ্র। এদের মধ্যে অনেকের নামই ভোটার তালিকা থেকে বাদ পড়েছে ওই ১১টি নথি না থাকায়। ওই প্রান্তিক ভোটারদের কথা ভেবেই অতীতে সুপ্রিম কোর্ট কমিশনকে আধার কার্ড, ভোটার কার্ড এবং রেশন কার্ডকে এসআইআর-এর প্রামাণ্য নথির তালিকায় যোগ করতে বলেছিল। কিন্তু এবার সেই সুপ্রিম কোর্টই কমিশনের সিদ্ধান্তকে সমর্থন করে বলে দিল, কমিশনই ঠিক। আধার কার্ড থাকলেই কাউকে নিশ্চিতভাবে ভারতের নাগরিক বলা যায় না।

আধার-প্যান-এপিক থাকলেই নাগরিক নয়

মন্তব্য বম্বে হাইকোর্টের

মুম্বই, ১২ অগস্ট: আধার, প্যান বা ভোটার কার্ড থাকলেই কোনও ব্যক্তি নিজেকে ভারতীয় নাগরিক বলে দাবি করতে পারেন না। এক বাংলাদেশি অনুপ্রবেশকারীর জামিন খারিজ করে মঙ্গলবার এমনই মন্তব্য করেছে বম্বে হাইকোর্ট। যে ব্যক্তির জামিন খারিজ করেছে আদালত, তিনি বাংলাদেশি বলে অভিযোগ উঠেছিল। অবৈধ ভাবে ভারতে প্রবেশ করেছিলেন। ভুয়ো নথি বানিয়ে দশ বছর ধরে এ দেশেই থাকছিলেন বলে অভিযোগ।

মঙ্গলবার বিচারপতি অমিত বোরকারের বেঞ্চে মামলাটির শুনানি হয়। বাবু আধুল রউফ সর্দার নামে এক ব্যক্তির জামিন খারিজ করে দিয়েছে আদালত। তাঁর বিরুদ্ধে অভিযোগ, বৈধ পাসপোর্ট ছাড়া বাংলাদেশ থেকে ভারতে অনুপ্রবেশ করেছেন তিনি। তার পর ভারতে এসে ভুয়ো নথি দিয়ে আধার, প্যান এবং পাসপোর্টও তৈরি করেছেন। তাঁকে গ্রেপ্তার করে মুম্বই পুলিশ। তার পরই তিনি বম্বে হাইকোর্টের দ্বারস্থ হন।

আদালতে অভিযুক্ত দাবি করেন, তাঁর কাছে এ দেশের আধার, প্যান এবং ভোটার কার্ড রয়েছে। যা ভারতের নাগরিক হিসাবে নিজেকে প্রমাণ করার জন্য যথেষ্ট। তা হলে কেন তাঁকে বাংলাদেশি বলা হচ্ছে? যদিও তাঁর এই যুক্তি গ্রাহ্য হয়নি আদালতে। বিচাপরতি বোরকার ওই ব্যক্তির জামিন খারিজ করে দিয়ে জানান, শুধুমাত্র আধার কার্ড, প্যান কার্ড এবং ভোটার কার্ডের মতো নথি থাকলেই একজন ব্যক্তি নিজেকে ভারতের নাগরিক হিসাবে দাবি করতে পারেন না। জামিনের আর্জি খারিজ করে বিচারপতির তাৎপর্যপূর্ণ মন্তব্য, আধার-প্যান-ভোটার কার্ডই ভারতীয় নাগরিকত্ব প্রমাণের পক্ষে যথেষ্ট নথি নয়। বিচারপতির পর্যবেক্ষণ, কে ভারতের নাগরিক হতে পারেন, কীভাবে ভারতের নাগরিকত্ব অর্জন করা যায়, তা

শুধুমাত্র আধার কার্ড, প্যান কার্ড এবং ভোটার কার্ডের মতো নথি থাকলেই একজন ব্যক্তি নিজেকে ভারতের নাগরিক হিসাবে দাবি করতে পারেন না। জামিনের আর্জি খারিজ করে বিচারপতির তাৎপর্যপূর্ণ মন্তব্য, আধার-প্যান-ভোটার কার্ডই ভারতীয় নাগরিকত্ব প্রমাণের পক্ষে যথেষ্ট নথি নয়। বিচারপতির পর্যবেক্ষণ, কে ভারতের নাগরিক হতে পারেন, কীভাবে ভারতের নাগরিকত্ব অর্জন করা যায়, তা নাগরিকত্ব আইনে স্পষ্ট বলা রয়েছে।

নাগরিকত্ব আইনে স্পষ্ট বলা রয়েছে।

১৯৫৫ সালের নাগরিকত্ব আইনে স্পষ্ট বলা আছে, কে নাগরিক হতে পারেন, কী ভাবে নাগরিকত্ব অর্জন করা যেতে পারে। আধার, প্যান এবং ভোটার কার্ডের মতো নথিগুলি শুধুমাত্র শনাক্তকরণ বা পরিষেবা পাওয়ার ক্ষেত্রে ব্যবহৃত হতে পারে।

রাজ্যে পরপর খুন, পুলিশের ভূমিকায় ক্ষোভ মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে একের পর এক খুনের ঘটনায় ক্ষোভ প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার দুপুরে 'আমাদের পাড়া আমাদের সমাধান' প্রকল্প নিয়ে মুখ্যসচিবের ডাকা জেলাশাসকদের বৈঠকে হঠাৎই হাজির হন তিনি। প্রায় আধঘণ্টা বৈঠকে থেকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, প্রকল্পের প্রচার এবং মানুষের সুবিধা নিশ্চিত করতে একাধিক নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

গত কয়েক দিনে তিনটি খুনের প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী স্পষ্ট বার্তা দেন, শুধুমাত্র থানার আইসি বা ওসিদের ওপর আইন-শৃঙ্খলার দায়িত্ব দিয়ে চলবে না, জেলা প্রশাসনের শীর্ষ কর্তাদেরও সরাসরি দায়িত্ব নিতে হবে। খুনের মতো গুরুতর অপরাধ ঠেকাতে পুলিশ প্রশাসনকে আরও সক্রিয় হতে হবে। আইসি-ওসিদের পাশাপাশি এসপি ও সিপিদেরও প্রত্যক্ষ তদারকি করতে হবে বলে নির্দেশ দেন তিনি।

প্রকল্পের প্রচার আরও বাড়ানোর ওপর জোর দেন মুখ্যমন্ত্রী। কোথায় কোথায় ক্যাম্প হচ্ছে, তা সাধারণ মানুষকে জানানো, মানুষের সুবিধা হবে এমন জায়গায় ক্যাম্প আয়োজন, মন্ত্রী ও সিনিয়র

অফিসারদের মধ্যে বণ্টন করা দায়িত্ব সঠিকভাবে পালন এবং সমস্যার দ্রুত সমাধানে লোকেশনভিত্তিক নজরদারির নির্দেশ দেন তিনি।

কমিশনের তলবে আজ দিল্লি যাচ্ছেন মুখ্যসচিব

নিজস্ব প্রতিবেদন: ভোটার তালিকায় কারচুপির অভিযোগে পাঁচ কর্মীর শাস্তির সুপারিশ কেন মানা হলো না তা জানতে এবার রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে দিল্লিতে তলব করল নির্বাচন কমিশন। কমিশনের তরফে মঙ্গলবার এক নির্দেশ পাঠিয়ে জানানো হয়েছে বুধবার বিকেল পাঁচটার মধ্যে মুখ্যসচিবকে প্রয়োজনীয় নথি-সহ সশরীরে হাজিরা দিতে হবে। পাশাপাশি কমিশনের প্রশ্ন, কেন এবং কোন কারণে তাদের নির্দেশ তিনি পালন করেননি বা করতে ব্যর্থ হয়েছেন, তা সরাসরি ব্যাখ্যা দিতে হবে। আজ সকালের বিমানে মুখ্যসচিব দিল্লি যেতে পারেন বলে জানা গিয়েছে।

এই ঘটনায় ভোটার তালিকা বিতর্কে রাজ্য সরকারের সঙ্গে নির্বাচন কমিশনের দ্বন্দ আরও চরমে উঠল। ভুয়ো নাম তোলার অভিযোগে কমিশনের সুপারিশ না মানায় এবার রাজ্যের মুখ্য সচিবকেই দিল্লিতে ডেকে পাঠালো নির্বাচন কমিশন। দুই ইআরও, দুই এআইআরও ও এক অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে সাসপেনশন ও এফআইআর এর নির্দেশ দিয়েছিল কমিশন। প্রথম নির্দেশ কার্যকর না হওয়ায় দ্বিতীয়বার সময় বেঁধে চিঠি পাঠানো হলেও রাজ্য

সরকার শুধুমাত্র একজন এআইআরও ও ওই ডেটা এন্ট্রি অপারেটরকে ভোট সংক্রান্ত কাজ থেকে অব্যাহতি দেয়। বাকি তিনজনের বিরুদ্ধে প্রশাসনিক তদন্তের সিদ্ধান্ত হয়েছে বলে কমিশনকে জানানো হয়। সরকারের এই ব্যাখ্যায় কমিশন সন্তুষ্ট নয় বলে মনে করা হচ্ছে। তবে হাজিরার নোটিস পেয়ে মুখ্যসচিব দিল্লি গেলেও কমিশনের প্রতি রাজ্য সরকারের অবস্থানের খুব একটা বদল হবে কিনা তা নিয়ে সংশয় রয়েছে। কারণ, এদিনও প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভোটের কাজে যুক্ত কর্মীদের পাশে থাকার বার্তা দিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে রাজনৈতিক পক্ষপাতদুষ্টর অভিযোগ এনেছেন।

জানা গিয়েছে, কমিশনের নির্দেশ মত ওই ঘটনার তদন্ত করতে মুখ্যসচিবের নির্দেশে স্বরাষ্ট্র দপ্তরের এক সিনিয়র আধিকারিকের নেতৃত্বে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্তের স্বার্থে অভিযুক্ত ইআরও, এআইআরও এবং ডেটা এন্ট্রি অপারেটরকে তলব করা হবে।

মন্ত্রিসভার বৈঠক

■ আগামী সোমবার ১৮ অগস্ট ফের রাজ্য মন্ত্রিসভার বৈঠক ডাকা হয়েছে। মাত্র এক সপ্তাহের ব্যবধানে মুখ্যমন্ত্রী ফের মন্ত্রিসভার বৈঠক ডাকায় জল্পনা তৈরি হয়েছে। জানা গিয়েছে ওইদিন বিকেল চারটেয় নবান্নে বসবে মন্ত্রিসভার বৈঠক। সোমবার বৈঠক করে একাধিক সিদ্ধান্ত নিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ফের মন্ত্রিসভার বৈঠক ডাকলেন তিনি। মঙ্গলবার আগামী মন্ত্রিসভার বৈঠকের নির্ঘণ্ট জানিয়ে বিজ্ঞপ্তি জারি করলেন মুখ্যসচিব মনোজ পন্থ। এবার সাত দিনের মধ্যেই ফের বৈঠক ডাকা হল। এই অল্প দিনের ব্যবধানে ফের বৈঠক ঘিরে জল্পনা বাড়ছে।

মমতার অভয়

■ ভোটার তালিকা সংশোধনের কাজে যুক্ত সরকারি কর্মীদের উদ্দেশে স্পষ্ট আশ্বাস দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার নবান্নে জেলা প্রশাসনের সঙ্গে বৈঠকে তাঁর বার্তা, 'ভয় পাবেন না, রাজ্য সরকার আপনাদের পাশে রয়েছে। সৎভাবে কাজ করুন, কেউ কিছু করতে পারবে না।' মুখ্যমন্ত্রী বলেন, 'যাঁরা ভোটার লিস্টের কাজে যুক্ত, তাঁদের আতঙ্কে রাখা যাবে না। ভয় পাওয়ার কিছু নেই, আমরা আপনাদের সঙ্গে রয়েছি।' তাঁর স্পষ্ট বার্তা, 'বাংলা মাথা নত করতে শেখেনি। স্বাধিকার রক্ষার লড়াইয়ে আমরা কোনও ফ্যাসিস্ট শক্তির কাছে মাথা নোয়াবো না।'

মুনিরের পর এবার বিলাবল, সিন্ধু নিয়ে সরাসরি যুদ্ধের হুঁশিয়ারি বেনজির-পুত্রের

ইসলামাবাদ, ১২ অগস্ট: সিন্ধু জলবণ্টন চুক্তি নিয়ে ফের হুমকির সুর পাকিস্তানের প্রাক্তন বিদেশমন্ত্রী তথা বেনজির ভুট্টোর পুত্র বিলাবল ভুট্টো জারদারির গলায়। সোমবার সে দেশের সিন্ধু প্রদেশে একটি সরকারি কর্মসূচিতে যোগ দিয়ে ভারতের বিরুদ্ধে সরাসরি যুদ্ধের ডাক দিলেন তিনি। ভারতের প্রধানমন্ত্রীকে আক্রমণ করে তিনি বলেন, 'যুদ্ধে মোদীকে মোকাবিলা করার ক্ষমতা পাকিস্তানিদের রয়েছে।' ভারতের সঙ্গে আর এক দফা চুক্তি হলে পাকিস্তান সিন্ধু এবং তার পাঁচটি উপনদীরই দখল নেবে বলেও হুঁশিয়ারি দেন তিনি।

রবিবারই আমেরিকা থেকে ১০টি মিসাইল বা ক্ষেপণাস্ত্র দিয়ে ভারতে হামলার হুমকি দিয়েছিলেন পাকিস্তানের সেনাপ্রধান তথা ফিল্ড মার্শাল আসিম মুনির। বলেছিলেন, 'আমরা একটি পরমাণু শক্তিধর

দেশ। যদি মনে হয় আমরা ধ্বংসের পথে এগোচ্ছি, তবে অর্ধেক বিশ্বকে সঙ্গে নিয়ে ধ্বংস হব।' এমনকি ভারতকে আক্রমণ করতে গিয়ে ঝকঝকে মার্সেডিজ গাড়ি এবং নুড়ি ভর্তি ট্রাকের তুলনা টেনেছিলেন তিনি। বলেছিলেন, 'ভারত হাইওয়ের উপর দিয়ে আসতে থাকা ঝাঁ-চকচকে একটা মার্সেডিজ, ঠিক ফেরারির মতো। কিন্তু আমরা নুড়ি ভর্তি ট্রাক। গাড়িটাকে যদি ট্রাক ধাক্কা দেয়, পরাজয় কার হবে?' ঘটনাচক্রে, তার পরের দিনই ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুঁশিয়ারি দিলেন বিলাবল।

গত ২২ এপ্রিল কাশ্মীরের পহেলগাঁওয়ে পর্যটকদের উপর জঙ্গি হামলার ঘটনায় পাকিস্তানকে দায়ী করে ১৯৬০ সালের সিন্ধু জলবণ্টন চুক্তি স্থগিত করে দিয়েছিল ভারত। সিন্ধু এবং তার পাঁচ উপনদীর জল কী ভাবে ভারত এবং পাকিস্তানের মধ্যে বণ্টিত হবে, এই চুক্তির শর্ত তা স্থির করে। সিন্ধু, বিতস্তা এবং চন্দ্রভাগা; এই তিন নদী পাকিস্তানের উপর দিয়ে প্রবাহিত। ভারত চুক্তির শর্ত না-মানলে শুখা মরসুমে পাকিস্তানে জলের সঙ্কট তৈরি হতে পারে। সোমবার বিলাবল বলেন, 'যদি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সিন্ধুর উপর যুদ্ধ ঘোষণা করে থাকেন, তা হলে তিনি আমাদের ইতিহাস, সংস্কৃতি এবং সভ্যতার উপর আক্রমণ হানছেন।'

এর আগেও অবশ্য একাধিক বার সিন্ধু জলবণ্টন চুক্তি নিয়ে নয়াদিল্লির বিরুদ্ধে সুর চড়িয়েছেন বিলাবল।

মেয়াদ বাড়ল 'সংঘর্ষবিরতি'র, শুল্কযুদ্ধে চিনকে আরও ৯০ দিন সময় আমেরিকার

ওয়াশিংটন, ১২ অগস্ট: গুঞ্জন শুরু হয়েছিল ভারতের পর এবার চিন। রুশ তেল কেনার অপরাধে এবার শি জিনপিংয়ের দেশকে শাস্তি দিতে চলেছে আমেরিকা। খোদ মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সই এমন ইঙ্গিত দিয়েছিলেন। কিন্তু সব জল্পনাকে মিথ্যে প্রমাণ করে দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। জানিয়ে দিলেন, চিনের উপর শুল্ক চাপানোর সিদ্ধান্ত আরও ৯০ দিন স্থগিত রাখা হচ্ছে। পালটা চিনও জানিয়ে দিয়েছে, তারাও আপাতত মার্কিন পণ্যের উপরে অতিরিক্ত শুল্ক চাপাবে না।

এবার ট্রাম্প জানিয়ে দিয়েছেন, আগামী ১০ নভেম্বর রাত ১২টা বেজে ১ মিনিট পর্যন্ত স্থগিত রাখা হবে নয়া শুল্ক লাগু করার সিদ্ধান্ত। অর্থাৎ এই সময়কালে যে শুল্ক নেওয়া হচ্ছে তাই বলবৎ থাকবে। বলে রাখা ভালো, চিনে পণ্যের

উপর আমেরিকা ৩০ শতাংশ শুল্ক নেয়। আর মার্কিন পণ্যে বেজিং নেয় ১০ শতাংশ শুল্ক। আপাতত সেটাই থাকছে।

অর্থাৎ আরও ৯০ দিন চিনা পণ্যের উপর আপাতত ১৪৫ শতাংশ শুল্ক চাপাবে না আমেরিকা। এদিকে মার্কিন পণ্যের উপরও ১২৫ শতাংশ শুল্ক চাপাবে না চিন। সোমবার যখন ট্রাম্পকে জিজ্ঞেস করা হয়েছিল চিনের উপরে শুল্ক চাপানোর বিষয়ে, তিনি বলেছিলেন, 'আমরা দেখছি। তবে ওরা চমৎকার ভাবেই বিষয়টা সামলাচ্ছে। আমার সঙ্গে প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সম্পর্কও খুবই ভালো।' এরপরই নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে এই বিষয়ে ঘোষণা করেন ট্রাম্প। গত মে মাসে জেনেভায় চিন-আমেরিকা বৈঠকের পর দুই পক্ষই সম্মত হয় ৯০ দিনের জন্য শুল্ক-বিরতি রাখার। পরে জুলাইয়ের শেষে স্টকহোমে ফের দুই দেশের বৈঠক হলেও তখন এই নিয়ে ঘোষণা করা হয়নি।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ১১/০৮/২০২৫, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৭২৪৮ নং এফিডেভিট বলে আমি Sandip Mondal (old name) S/o. Late Ratan Mondal, R/o. Keota Shyamsundarpur, Sahaganj, Chinsurah, Hooghly-712104, W.B., নাম পরিবর্তন করিয়া সর্বত্র Sandip Francis Mondal (new name) নামে পরিচিত হইয়াছি। Sandip Mondal & Sandip Francis Mondal, S/o. Late Ratan Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার পুত্র Mathew Snehasis Mondal.

তারাপিঠ ও কামাক্ষা সিদ্ধ

অধ্যাঃ স্বপন ভট্টাচার্য্য (জি.এস)
এফ.আর.এস (লন্ডন)

বংশানুক্রমে ও ৪৫ বছরের অভিজ্ঞতায় **বিদ্যা, বিবাহ, ব্যাবসা, দাম্পত্য কলহ** ইত্যাদি সমাধানের জন্য আজই আসুন ও জীবন শান্তিতে কাটান।

বিঃদ্রঃ- প্রতি ৬ মাসে জ্যোতিষ, তন্ত্র, হস্তরেখা, সংখ্যাতত্ত্ব, বাস্তুবিদ্যা শিখুন। ভর্তি চলিতেছে।

M-9830508955/ 8972034019

নাম-পদবী

গত ০৮/০৮/২০২৫ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, চুঁচুড়া, হুগলী, কোর্টে ৬৯২৮ নং এফিডেভিট বলে আমি Sekh Arif Ali S/o. Akbar Ali, R/o. Kanibamni, Pindira, Kalna, Purba Burdwan-712146, W.B. ঘোষণা করিয়াছি যে, আমার কন্যার (Ariya Sultana) জন্ম সার্টিফিকেটে আমার ও আমার স্ত্রী-র সঠিক নাম Sekh Arif Ali ও Mohosina Khatun-এর পরিবর্তে Sk Arif Ali ও Mohasina Khatun লিপিবদ্ধ হইয়াছে। Sekh Arif Ali ও Sk Arif Ali এবং আমার স্ত্রী Mohosina Khatun ও Mohasina Khatun সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ১১/০৮/২০২৫, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৭২৪৭ নং এফিডেভিট বলে আমি Usha Mondal (old name) W/o. Sandip Francis Mondal, R/o. Keota Shyamsundarpur, Sahaganj, Chinsurah, Hooghly-712104, W.B., নাম পরিবর্তন করিয়া সর্বত্র Maria Mondal (new name) নামে পরিচিত হইয়াছি। Usha Mondal & Maria Mondal W/o. Sandip Francis Mondal, সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি। আমার পুত্র Mathew Snehasis Mondal.

নাম-পদবী

গত ০২/০৮/২০২৫, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, চন্দননগর, হুগলী, কোর্টে ৪৪৪০ নং এফিডেভিট বলে আমি Rakhi Saha (old name) W/o. Prabal Kumar Saha, D/o. Sukumar Das, R/o. Tomar Dan, Panchanan Tala, G.T. Road (Purba), Chandannagar, Hooghly-712136, W.B., নাম পরিবর্তন করিয়া সর্বত্র Rakhi Saha Das (new name) নামে পরিচিত হইয়াছি। Rakhi Saha & Rakhi Saha Das, W/o. Prabal Kumar Saha, D/o. Sukumar Das, সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

CHANGE OF NAME

I, Susmita Patra, W/O- Ashoke Patra, residing al Vill- Paramanandapur, P.O.- Sitala Paramanandapur, P.S.- Panskura, Dist- Purba Medinipur. That my name has been written as Rina Patra in the column of mothers name of my said sons birth certificate I, Susmita Patra as declered in the court of Ld. Chief Judical Magistrate (1st Class) at Tamluk vide affidavit No. 3036 Dt- 11-03-25 "Susmita Patra" and "Rina Patra" as same and one identical person.

নাম-পদবী

আমি Kalyani Saha স্বামী Raja Saha, R/o- 7 No. Manindranagar, P.O- Cossimbazar Raj P.S.- Berhampore, Dist- Murshidabad. A.D.S.R. Berhampore land deed No- 7637 Dt- 15/07/2013 আমার নাম Sanchita Saha W/O- Raja Saha আছে। গত ইং- ২৩/০৭/২০২৫ বহরমপুর SDEM(S) কোর্টের এফিডেভিট বলে আমি Kalyani Saha এবং Sanchita Saha এক এবং অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হইলাম।

CHANGE OF NAME

I, **Khusboo Singh** W/o. Rajiv Kumar Singh Residing at (11/C Kings Road Howrah-711101) have Changed my name and shall henceforth be known as **Khushboo Singh** as declared before the Notary Public / First Class Judicial Magistrate District court, vide affidavit no 12484/25 Dated. 06/08/2025 **Khusboo Singh** and **Khushboo Singh** both are same and identical person.

NAME CHANGE

I, Kuntal Chakraborty S/o Late Kusum Kumar Chakraborty Residing at - 3C Nishani Apartment, 67/9, Manik Bandopadhyay Sarani, Kolkata - 700040. In some of my records my name is recorded as Kuntal Kumar Chakraborty. Vide an affidavit sworn before the Notary Public at CMM's Court, Kolkata, dated - 23.07.2025 I, **Kuntal Chakraborty** and **Kuntal Kumar Chakraborty** both are same and one identical person.

নাম-পদবী পরিবর্তন

গত 28/07/2025 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, চুঁচুড়া, হুগলী, কোর্টে 6550 নং এফিডেভিট বলে আমি Kajal Dosad W/o. Sanjay Dosad, R/o. 48, L/H, Sitala Sthan Locopara, Keota (CT), Bandel, Chinsurah, Hooghly -712123, W.B. ঘোষণা করিয়াছি যে, আমার কন্যার জন্ম সার্টিফিকেটে আমার, আমার স্বামীর ও কন্যার সঠিক নাম Kajal Dosad W/o. Sanjay Dosad ও Sanjana Dosad-এর পরিবর্তে Kajal Dushad W/o. Sanjoy Dushad ও Sanjana Dushad লিপিবদ্ধ হইয়াছে। **Kajal Dosad W/o. Sanjay Dosad** ও কন্যা **Sanjana Dosad** এবং **Kajal Dushad W/o. Sanjoy Dushad** ও কন্যা **Sanjana Dushad** সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

জমি বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা জন সাধারণকে জানানো যাইতেছে যে, আমার মক্কেল **ওমর ফারুক মোল্লা**, পিতা- মতলেব মোল্লা, সাং ও পোস্ট- বাজিতপুর, থানা- ধনিয়াখালি, জেলা- হুগলী, পিন- ৭১২৪০৫, জেলা- হুগলী, থানা- ধনিয়াখালি, মৌজা- বাজিতপুর, জে. এল- ২১২, হাল খতিয়ান- ১৫০ ও ৮৩৯ নং, সাবেক দাগ নং- ৬৯৮/১৬২৫, হাল দাগ নং- ১৫৮, দাগের অংশীদার হইতেছেন। তাহার নিজস্ব আর্থিক প্রয়োজন হেতু উক্ত সম্পত্তিতে তাহার নিজ অংশ বিক্রয় করিতে ইচ্ছুক। উক্ত বিক্রয় সংক্রান্ত বিষয়ে উক্ত দাগের অন্যান্য অংশীদার গনের কোনোরূপ দাবী, আপত্তি, অগ্রক্রয়ের অধিকার থাকিলে অত্র নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে আমার মক্কের সহিত কিংবা আমার সহিত সাক্ষাৎ করিয়া উক্ত সমস্যার সমাধান করিবেন নচেৎ আমার মক্কেল কোন অংশীদারের কোনোরূপ দাবি ও আপত্তি, অগ্রক্রয়ের অধিকার নাই এইরূপ বিবেচনা করত অপর তৃতীয় ব্যক্তির অনুকূলে তাহার নিজ অংশ বিক্রয় করিবেন। পরবর্তীকালে কোন অংশীদারের কোনোরূপ দাবি অগ্রক্রয়ের অধিকার গ্রাহ্য হইবে না।

বিনীত- **মহঃ রাজীব**

ওমর ফারুক মোল্লা এর পক্ষে নিযুক্ত আইনজীবি এ্যাডভোকেট জেলা জর্জ কোর্ট হুগলী চুঁচুড়া- হুগলী

আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

আমি, শ্রীমত্যা প্রমিলা বিশ্বাস, স্বামী- মৃত মন্মথ নাথ বিশ্বাস, সাং- সরাবপুর, পোঃ- দেউলী, থানা- চাকদহ, হাল সাং ও পোঃ- সুবর্ণপুর, থানা- হরিনঘাটা জেলা- নদীয়া। মৌজা - ৭৫ নং হুদা, পক্ষে বিগত ইং ২৩/১২/২০১৪ তারিখে, হরিণঘাটা রেজিস্ট্রি অফিসে রেজিস্টিকৃত IV-59/14 নং আমমোক্তারনামা দলিল বলে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার শ্রীমতী ঝুমা বিশ্বাস, স্বামী- শ্রী প্রভাষ বিশ্বাস, সাং- সারদাপল্লী, (হুদা), পোঃ পূর্বনওয়াপাড়া, থানা- ধানতলা, জেলা- নদীয়া, মহাশয়া, উক্ত বিষয়ে কাহারো কোনরূপ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে রানাঘাট- II B.L.&L.R.O. অফিসে আপত্তি জানাবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য হইবে।

PUBLIC NOTICE

We, [1] Shiw Kumar Bairagara, son of Gouri Shankar Bairagara of Flat – 1D, Block-6, 74/1, Narkeldanga Main Road, Near Subhas Sarobar, Phoolbagan, Pin - 700054. That in Hidco's documents my name has been recorded as "Shiw Kumar Bairgara". By virtue of Affidavit dated 06.08.2025 has declared that "Shiw Kumar Bairagara", "Shiw Kumar Bairgara" is the same identical person and [2] Aruna Bairagara, Wife of Kamal Kumar Bairagara of Block-5, Flat No. 10H, 74/1, Narkel Danga Main Road, Swabhumi, Pin - 700054. That in Hidco's documents my name has been recorded as "Aruna Bairgara". By virtue of Affidavit dated 06.08.2025 has declared that "Aruna Bairagara", "Aruna Bairgara" is the same identical person.

PUBLIC NOTICE

Notice is hereby given that the original Title Deeds, details of which are given below, have been misplaced and are not traceable.

1. An Indenture of Sale dated 18.10.1996 registered on 13.01.1998 in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 159 for the year 1998.
2. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 580 for the year 1998.
3. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 582 for the year 1998.
4. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 581 for the year 1998.
5. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 158 for the year 1998.
6. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 579 for the year 1998.
7. An Indenture of Sale dated 02.08.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 1064 for the year 1998.
8. An Indenture of Sale dated 18.10.1996 registered in the office of the A.D.S.R Alipore, South 24 Parganas and recorded in Book No. I, being No. 157 for the year 1998.

The report of the same has been lodged at the Ekbalpur Police Station, Ekbalpore being GDE No. 2570 dated 31.07.2025.

Any third party asserting a claim over the scheduled property or any person in possession of the aforesaid original Title Deeds are required to notify the undersigned within 10 days from the date of Publication.

Upon publication of this Notice, any action taken by any person based on the original Title Deeds will be unlawful and void. Upon expiry of 10 days, the owners of the property may proceed to take all action against the property based on the certified copies of the Title Deeds.

Schedule of property:

ALL THAT piece and parcel of land admeasuring 211 Cottahs 6 Chitaks 12 Square feet be the same or a little more or less together with Factory Building, Stores, Dining Cum Rest Room etc., standing thereon lying and situated at Premises No. 14, Mayurbhanj Road, Police Station - Ekbalpur, Kolkata - 700023, West Bengal, Ward No. 78 under the Kolkata Municipal Corporation.

Anna Malhotra, Advocate
(Mob no. **9830029737**) of
58/12, Prince Anwar Shah Road,
Kolkata 700045

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

<u>উত্তর ২৪ পরগনা</u>

<u>অ্যাড কানেক্সন</u>

সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, **ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১**
ইমেইল- **adconnexon@gmail.com**

<u>এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র</u>

সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, **মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬**

<u>হুগলি</u>

<u>মা লক্ষ্মী জেরক্স সেন্টার,</u>

সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, **মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।**

<u>জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,</u>

প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, **মোঃ ৯৮৩১৬৯৯২৪৪**

<u>নদিয়া</u>

<u>টাইপ কর্ণার,</u>

নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, **মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮**

<u>রাজ টেলিকম,</u>

অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, **মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।**

<u>সুজয়া উদ্যোগ সমূহ,</u>

শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, **মোঃ ৯৩৩৩২২০৬৫৯।**

আজকের দিনটি কেমন যাবে?

আজ ১৩ ই আগস্ট। ২৭ শে শ্রাবন। চতুর্থী তিথি। বুধ বার। জন্মে মীন রাশি, অষ্টোত্তরী শুক্র র দশা বিংশোত্তোরী শনি র মহাদশা, দোষ নেই।

মেষ রাশি : অশুভ শনি। তবুও দিনটি শুভ। ছাত্র ছাত্রীদের জন্য ও শুভ। নতুন ব্যবসা বৃদ্ধির সম্ভাবনা। পরিবারে শান্তির বাতাবরণ। কোনো সুখবর নিয়ে বান্ধব বা স্বজন পরিবারে আসবে। প্রতিবেশীর দ্বারা সুখ বৃদ্ধি। জল, তরল পদার্থ, কেমিক্যালের এর ব্যবসা যারা করছেন তারা আগামীকাল লাভবান হবেন। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ দিক পূর্ব। শুভ রং সাদা।

বৃষ রাশি : আজ বিপদ মুক্ত। পরিবারে দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ বেরোবে। গুপ্ত শত্রুর ষড়যন্ত্র থাকব, তবে ক্ষতির সম্ভবনা নেই। নারীর দ্বারা সম্মান বৃদ্ধি। পুরাতন বান্ধব দ্বারা আর্থিক সুযোগ বৃদ্ধি। প্রবীণ প্রতেবেশি কিছুদিন আগেও যার সাথে বিবাদ ছিল তার দ্বারা সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের শুভ। মন্ত্র ওম গণ গণেশায় নমো। শুভ দিক উত্তর। শুভ রং ঘিয়ে।

মিথুন রাশি : অশুভ শনি।খুব সতর্কতার সঙ্গে আজ সম্পর্ক তৈরী করুন। কোনো ছলনাময়ী নারী বা পুরুষের দ্বারা সামাজিক সম্মান হানি। ঋণ বিষয় তর্ক, বিতর্ক থেকে সতর্কতা অবলম্বন প্রয়োজন। সন্ধ্যার পর অপরিচিতের ফোন না ধরা শুভ। স্বল্প পরিচিতর হঠাৎ নিমন্ত্রনে অপরিচিত জায়গায় না যাওয়া শুভ। মন্ত্র দুর্গে দুর্গে রক্ষিণী স্বাহা। শুভ দিক পূর্ব। শুভ রং সবুজ।

কর্কট রাশি : আজ ধনপ্রাপ্তি, অর্থপ্রাপ্তি, সম্পদপ্রাপ্তির প্রভূত সম্ভাবনা। আলোচনা চলাকালীন হঠাৎ মেজাজ হারালে বিশেষ ক্ষতি। স্বামী-স্ত্রীর মধ্যে বিশেষ আলোচনায় পরিবারে নতুন কোনো জিনিস আসতে পারে। প্রতিবেশীর দ্বারা শুভ। বিদ্যার্থীদের শুভ। প্রবীণ নাগরিকদের সঙ্গে কথা বলার সময়ে প্রতিউত্তর না দেওয়া ভালো। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ রং সাদা। শুভ দিক পূর্ব।

সিংহ রাশি : শুভ সময়। তবে বিদেশ যাওয়ার পরিকল্পনা থাকলে একটু ভেবে নিন। বাড়ি-ঘর, জমি সংক্রান্ত সমস্যার সমাধানের পথ খুঁজে পাবেন। দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ এক বন্ধুর সহযোগিতায় মুক্ত হবে। বিদ্যার্থীদের পক্ষে শুভ। প্রেমিক যুগল সতর্ক থাকুন তাড়াহুড়ো করে কোনো সিদ্ধান্ত নেবেন না। মন্ত্র ওম নমঃ গণেশায়। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

কন্যা রাশি : ব্যাবসার দিকে লাভ প্রাপ্তি। এক কৃষ্ণবর্ণ বান্ধব দ্বারা ক্ষতির সম্ভাবনা। পরিশ্রমের দ্বারা সফলতা কথাটা ভুলে গেলে আজ ক্ষতি। বৈবাহিক জীবনে তৃতীয় ব্যক্তির প্রবেশে সাংসারিক শান্তি নষ্টের ইঙ্গিত। দূর ভ্রমণে না যাওয়া ভালো। স্পষ্ট কথা বলা ভালো তবে অন্যকে কষ্ট না দিয়ে। মন্ত্র নমঃ শিবায় / কৃষ্ণায়। শুভ রং সবুজ। শুভ দিক দক্ষিণ।

তুলা রাশি : আজ দাম্পত্য সুখ নিশ্চিত। পরিবারে ধন বৃদ্ধি, ব্যবসা বৃদ্ধি। গুপ্ত শত্রু প্রতিবেশী সেজে দুশ্চিন্তা বৃদ্ধি করবে। মায়েদের প্রসূতি রোগে কষ্ট বৃদ্ধি। স্বজন-পরিজন থেকেও না থাকার মতন। আগামীকাল একটি সুখবর আসবে সান্ধ্যকালীন। প্রেমিক যুগল বিবাহের কথা পাকা করতে পারেন। মন্ত্র নমঃ শ্রী বিষ্ণু। শুভ রং সাদা। শুভ দিক পশ্চিম।

বৃশ্চিক রাশি : অশুভ বুধ । প্রভাব শালী রাজনৈতিক ব্যাক্তির দ্বারা উপকার পাওয়া যাবে। প্রেমিক যুগল সতর্ক থাকুন হঠাৎ বিবাদ-বিতর্ক শুরু হতে পারে। নষ্ট হয়ে যাওয়া সম্পর্ক থেকে লাভ প্রপ্তি। পরিবারে গুরুজনের শরীর নিয়ে দুশ্চিন্তা। নিজ নাম এ নয় অন্যের সম্পত্তি থেকে লাভ প্রাপ্তি। প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক শুভ হবে। মন্ত্র সং শনি দেবায় নমঃ। শুভ রং লাল। শুভ দিক পশ্চিম।

ধনু রাশি : সহযোগিতা চেয়েছিলেন তার সহযোগিতা পাওয়া যাবে। বান্ধব সহযোগে ভ্রমণের দ্বারা অতীব শুভ। অর্থ বৃদ্ধি নাহলেও শুভ সংকেত আগামীকাল দেখা যাবে। সন্ধ্যার পর কোনো নিমন্ত্রনে গেলে লাভ প্রাপ্তি। মন্ত্র দুর্গা মন্ত্র। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর

মকর রাশি : পীড়া ও শরীর ব্যাধি। মোবাইল ফোন দ্বারা কোনো স্বজন সম্পর্কে অশুভ সংবাদ প্রপ্তি হবে। পরিবারে প্রবীণ নাগরকিদের নিয়ে চিকিৎসকের শরণাপন্ন হওয়ার সম্বাভনা। দাম্পত্য সুখে বিবাদ। পরিবারে নৈরাশ্যবাদ হতাশা বৃদ্ধি। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং কালো। শুভ দিক পশ্চিম।

কুম্ভ রাশি : আর্থিক সহযোগিতা বাধা নাই। সচেতন থাকা শুভ। তর্ক বিতর্কে গেলে ক্ষতির সম্ভাবনা।বিশেষত দুপুর বেলা রাহু কাল চলাকালীন সতর্ক থাকা শুভ। যে কাজ এখনো হয়নি প্রকাশে তা নিয়ে আলোচনা করা ঠিক নয়। সবাইকে আপন ভাবলে বিপদ বৃদ্ধি। প্রেমিক যুগল ধৈর্য ধরুন শুভ হবে। ছলনাময় মানুষকে চিনতে শিখুন। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং নীল। শুভ দিক পশ্চিম।

মীন রাশি : অশুভ শনি। প্রতিবাদে না গেলে ক্ষতি কি? পরিশ্রমের ফল পাওয়া যাবে। ট্যাক্স সম্পর্কিত কাগজপত্র দ্বারা লাভ প্রাপ্তি। দু একদিনের মধ্যে নতুন ব্যবসা শুরু না করা ভালো। প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক শুভ হবে। প্রেমে সফলতা প্রাপ্তি। তবে গৌর বর্ণের শত্রু কে চিনে নিন। মন্ত্র শিব মন্ত্র। শুভ রং হালকা হলুদ।

(শুভ কর্ম -- শ্রী শ্রী মনসা দেবী ও অষ্টনাগ পূজা এবং প্রখ্যাত সাহিত্যিক ও ঐতিহাসিক রমেশচন্দ্র দত্তের শুভ ভূমিষ্ঠ দিবস)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

জলমগ্ন ইএসআই হাসপাতাল, সাপের উপদ্রবে আতঙ্কিত রোগী-চিকিৎসাকর্মীরা

নিজস্ব প্রতিবেদন: বৃষ্টির তীব্রতা কিছুটা কমলেও, দুর্ভোগ কাটেনি বেলুড় ইএসআই হাসপাতালে। সাত-আট দিন ধরে হাসপাতাল চত্বরে হাঁটু-সমান নোংরা জল জমে আছে। ভেতরে-বাইরে সেই জল পেরিয়েই যাতায়াত করছেন চিকিৎসক, নার্স, রোগী এবং তাঁদের আত্মীয়রা। দীর্ঘদিনের এই জলাবদ্ধতায় বিরক্তি জমেছে সবার মধ্যে।

হাসপাতালের গেট থেকে শুরু করে ওয়ার্ডের ভেতর পর্যন্ত জল থই থই অবস্থা। দূর থেকে দেখলে যেন হাসপাতালের চত্বরটি খালে পরিণত হয়েছে। এমন অবস্থায় চিকিৎসা পরিষেবা দেওয়া ক্রমেই বিড়ম্বনার হয়ে দাঁড়াচ্ছে। পরিস্থিতি আরও ভয়াবহ করেছে সাপের উপদ্রব। বৃষ্টির জলে সাপ হাসপাতাল প্রাঙ্গণে ঢুকে পড়ছে, কখনও গাছে চড়ে আবার গাড়ির ওপরও পড়ে যাচ্ছে। চিকিৎসাকর্মীরা গামবুট পরে কাজ করলেও রোগী ও তাঁদের স্বজনদের আতঙ্ক কাটছে না।

হাসপাতালের এক চিকিৎসকের গাড়িচালক সমীর বন্দ্যোপাধ্যায় বলেন, এখানে হাঁটু সমান জল জমে যায়। টোটো বা গাড়ি ঢুকতে চায় না। গাড়ির ভেতরেই দরজা বন্ধ করে বসে থাকতে হয়। বৃষ্টির জলে সাপ গাছে উঠে যায়, আবার হঠাৎ গাড়ির গায়েও পড়ে। এমন পরিস্থিতিতে বাইরে বের হওয়াই বিপজ্জনক। চিকিৎসা করাতে আসা প্রভাস ঢালীর অভিযোগ, বছরের পর বছর একই অবস্থা চলছে। জমা জল থেকে চর্মরোগ ও অন্যান্য সংক্রমণ ছড়িয়ে পড়তে পারে। উপরন্তু চারপাশে জঙ্গল থাকায় জল নামতে না-নামতেই সাপের উৎপাত বেড়ে যায়। ডাক্তার দেখানোর অপেক্ষার জায়গাটাও এখন জলের নীচে।

যদিও কর্মীদের মতো সরাসরি ক্ষোভ প্রকাশ না-করলেও, হাসপাতালের সুপার বর্তমান সমস্যার কথা স্বীকার করেছেন। তাঁর ব্যাখ্যা, আশপাশের রাস্তা উঁচু হয়ে যাওয়ায় বৃষ্টির জল হাসপাতালে ঢুকে পড়ছে এবং বের হতে পারছে না। সমাধানে হাসপাতালের চৌহদ্দি উঁচু করার কাজ শুরু হয়েছে, যা আগামী এক বছরের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। ততদিন পর্যন্ত কর্মীদের গামবুট ব্যবহার করার নির্দেশ দেওয়া হয়েছে। স্থানীয়দের দাবি, অবিলম্বে কার্যকর পদক্ষেপ না হলে বেলুড় ইএসআই হাসপাতাল বর্ষাকালে প্রতি বছর একই সমস্যার মুখোমুখি হবে, আর রোগীদের চিকিৎসার চেয়ে জল এড়ানোই হয়ে উঠবে বড় চ্যালেঞ্জ।

শতাব্দী প্রাচীন গাছ কাটার অভিযোগ ক্লাবের বিরুদ্ধে

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: বৃক্ষছেদন দণ্ডনীয় অপরাধ। তবুও বন আইনকে উপেক্ষা করেই চলছে বৃক্ষছেদন। এবার গাছ কাটার অভিযোগ উঠেছে শ্যামনগরের ঐতিহ্যবাহী যুগের প্রতীক ক্লাব কর্তৃপক্ষের বিরুদ্ধে। ভাটপাড়া পুরসভার ২৪ নম্বর ওয়ার্ডের ব্যানার্জি পাড়া রোডে অবস্থিত শ্যামনগর যুগের প্রতীক ক্লাব।

একটা সময় এই মাঠ থেকে উঠে আসা ফুটবলাররা কলকাতার মাঠ দাপিয়েছিলেন। যদিও এখন সবই অতীত। উদীয়মান ফুটবলার কিংবা ক্রিকেটার তৈরির জন্য ক্লাবের মাঠে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। অভিযোগ, বিখ্যাত এই যুগের প্রতীক ক্লাবের মাঠের ধারে থাকা সুবিশাল একটি অর্জুন গাছ ছাঁটাই অজুহাত দেখিয়ে কেটে ফেলা হয়েছে। গাছ কাটার প্রতিবাদ জানিয়ে সরব হয়েছেন স্থানীয়রা। এমনকি স্থানীয় কাউন্সিলর হিমাংশু সরকারও গাছ কাটার প্রতিবাদ জানান।

ক্ষুব্ধ বাসিন্দারা জানান, পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছের অবদান অপরিসীম। অথচ ক্লাব কর্তাদের নির্দেশে এখানে নির্বিচারে গাছ কাটা হচ্ছে। গাছ কাটার খবর পেয়ে ঘটনাস্থলে আসে জগদ্দল থানার পুলিশ এবং বন দপ্তরের আধিকারিকরা। সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা ক্লাব কর্তাদের নোটিশ দিয়ে বুধবার তাদের ব্যারাকপুর ওয়ারলেশ মোড় সন্নিহিত বনাঞ্চল কার্যালয়ে দেখা করতে বলেছেন। স্থানীয় কাউন্সিলর হিমাংশু সরকার বলেন, বন দপ্তরের অনুমতি ছাড়া গাছ কাটা উচিত হয়নি। গাছ কাটার ক্ষেত্রে ক্লাব কর্তা বন দপ্তরের অবশ্যই অনুমতি নেওয়ার প্রয়োজন ছিল।

রাস্তা সংস্কারের কাজ শুরুর পর আচমকা বন্ধে ক্ষুব্ধ শ্যামনগরবাসী

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: শিল্পাঞ্চলের অত্যন্ত গুরুত্বপূর্ণ সড়ক শ্যামনগর ফিডার রোড। জগদ্দল বিধানসভার অধীনস্থ এই রাস্তা একধারে কল্যাণী এক্সপ্রেসওয়ে সংযোগকারী। অপরদিকে ঘোষপাড়া রোডের সঙ্গে যুক্ত এই রাস্তা। অভিযোগ, দীর্ঘদিন সংস্কারের অভাবে বেহাল দশায় পরিণত শ্যামনগর ফিডার রোড। অন্নপূর্ণা খেলার মাঠ থেকে শুরু করে বাসুদেবপুর পর্যন্ত রাস্তা খানাখন্দে ভরা। খুদে পড়ুয়া কিংবা পথ চলতি মানুষজনকে মুখে রুমাল কিংবা মাস্ক লাগিয়ে যাতায়াত করতে হচ্ছে। স্থানীয়দের দাবি, কয়েকদিন আগে

পূর্ত দপ্তরের তরফে রাস্তা সংস্কারের কাজ শুরু হয়েছিল। এমনকি অন্নপূর্ণা বাজারের কাছে রাস্তায় খোঁড়াখুঁড়ি শুরু হয়েছিল। কিন্তু কোনও অজ্ঞাত কারণে আচমকা রাস্তা সংস্কারের কাজ বন্ধ হয়ে গিয়েছে বলে অভিযোগ বাসিন্দাদের।

শ্যামনগর শরৎ পল্লির প্রবীণ বাসিন্দা বরুণ কৃষ্ণ পাল জানান, শ্যামনগর বাজারে তাঁর দোকান আছে। প্রতিদিন সাইকেল চালিয়ে কাউগাছি মোড় থেকে ফিডার রোড ধরে দোকানে যেতে হয়। তাঁর অভিযোগ, রাস্তার অবস্থা প্রচণ্ড খারাপ। কয়েকদিন আগে রাস্তা সংস্কারের কাজ শুরু হয়েছিল। কিন্তু হঠাৎ রাস্তার কাজ বন্ধ হয়ে গেল। বরুণবাবুর আরও অভিযোগ, চড়াই উতরাই রাস্তা দিয়ে সাইকেল চালিয়ে শ্যামনগর বাজারে যেতে হচ্ছে। একদিকে রাস্তাঘাট ধুলোয় ভরা। এবরো-খেবড়ো রাস্তা দিয়ে সাইকেল চালিয়ে কোমড় ও পিঠে ব্যথা হচ্ছে। বাইক ও স্কুটি আরোহীরা মাঝে মধ্যেই দুর্ঘটনার শিকার হচ্ছেন। তাঁর দাবি, অবিলম্বে এই রাস্তা সংস্কার করা প্রয়োজন।

সাইকেল আরোহী ভরত চন্দ্র দাস বলেন, ফিডার রোড দিয়ে এখন সাইকেল চালানো দুষ্কর হয়ে উঠেছে। তাছাড়া গোটা রাস্তা ধুলোয় পূর্ণ থাকায় বয়স্কদের কাশি হচ্ছে। কী কারণে হঠাৎ রাস্তার কাজ বন্ধ হয়ে গেল, তা তিনি জানেন না। তবে মানুষের ভোগান্তি দূর করতে ফের রাস্তার কাজ শুরু করা দরকার। যদিও বেহাল রাস্তার কথা স্বীকার করে নিয়েছেন জগদ্দল বিধানসভার অধীনস্থ কাউগাছি-১ গ্রাম পঞ্চায়েতের প্রধান সমীর চক্রবর্তী। তিনি বলেন, অত্যন্ত তৎপরতার সঙ্গে ফিডার রোড সংস্কারের কাজ শুরু হয়েছিল। কাজটা বন্ধ হয়ে যাওয়ায় পথচলতি মানুষজনের খুব অসুবিধা হচ্ছে। ধুলোর জেরে পরিবেশ দূষিত হচ্ছে। তবে ১৫ অগস্টের আগেই ফের রাস্তার কাজ শুরু হবে। রাস্তার হাল নিয়ে পঞ্চায়েত প্রধানের বক্তব্য, তিনি সাইকেল চালিয়ে ওই রাস্তা দিয়ে যাতায়াত করেন। কিন্তু রাস্তা দিয়ে সাইকেল চালাতে তাঁর খুব অসুবিধা হচ্ছে। পাশাপাশি অত্যধিক ধুলোর কারণে দমবন্ধ হয়ে যাওয়ার উপক্রম হচ্ছে।

নবান্ন অভিযানের অশান্তি মামলায় দুই বিজেপি নেতা হাওড়া আদালতে হাজির

নিজস্ব প্রতিবেদন: নবান্ন অভিযানের সময় অশান্তি ছড়ানোর অভিযোগে গ্রেপ্তার হওয়া বিজেপি যুব মোর্চার আসানসোল সাংগঠনিক জেলার সম্পাদক অভীক মণ্ডল ও কর্মী ঈশ্বর গোপকে মঙ্গলবার দুপুরে হাওড়া জেলা আদালতে আনা হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, হাওড়া থানায় দায়ের হওয়া মামলার ভিত্তিতেই এই দুই নেতাকে গ্রেপ্তার করা হয়। সোমবার গভীর রাতে রানিগঞ্জের আমরাসোঁতা ফাঁড়ি থেকে তাঁদের আটক করে হাওড়া পুলিশ। পরে রাতেই বিশেষ নিরাপত্তায় তাঁদের হাওড়ায় নিয়ে আসা হয়। আদালতে আনার আগে হাওড়া থানার সামনেও কয়েকজন বিজেপি কর্মী জড়ো হয়ে স্লোগান দিতে শুরু করেন। পুলিশ দ্রুত তাঁদের সরিয়ে দেয়। আদালত চত্বরে নিরাপত্তা বাড়ানো হয়, যাতে কোনও অনভিপ্রেত পরিস্থিতি তৈরি না-হয়।

বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল অভিযোগ করেছেন, পুলিশ রাজনৈতিক চাপে কাজ করছে। ভিডিয়ো ফুটেজ থাকলে জনসমক্ষে আনুক। হাওড়া পুলিশের দাবি, সিসিটিভি ও ড্রোন ফুটেজে অভিযুক্তদের চিহ্নিত করা গিয়েছে এবং আইন অনুযায়ী পদক্ষেপ করা হয়েছে। মঙ্গলবার বিকেলে আদালত এই মামলার পরবর্তী শুনানির তারিখ ঠিক করবে বলে জানা গিয়েছে।

সেনকো গোল্ডের চেন ফেস্টিভ্যাল চালু

নিজস্ব প্রতিবেদন: সেনকো গোল্ড অ্যান্ড ডায়মন্ডস হল পঁচাশি বছরেরও বেশি সময় ধরে পরিচালিত একটি শীর্ষস্থানীয় প্যান-ইন্ডিয়া জুয়েলারি খুচরো বিক্রেতা। তারা ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপনের জন্য চেন ফেস্টিভ্যাল চালু করেছে এবং একটি এক্সক্লুসিভ ফ্রিডম অফার চালু করেছে, যেখানে গ্রাহকরা সোনা, প্ল্যাটিনাম এবং ডায়মন্ড চেন এবং নেক পিসের বিস্তৃত পরিসরের নতুন ডিজাইন সংগ্রহ করতে পারবেন। এই অফারের অংশ হিসাবে, ব্র্যান্ডটি সোনা, হীরা, রূপা, প্ল্যাটিনাম এবং গসিপ জুয়েলারি আইটেম ক্রয়ের ওপর আকর্ষণীয় ছাড় দিচ্ছে, পাশাপাশি আরও অনেক অফার রয়েছে।

দ্বিতীয় হুগলি সেতুতে নিয়ন্ত্রণ করা হবে পণ্যবাহী যান

নিজস্ব প্রতিবেদন: দ্বিতীয় হুগলি সেতুতে নিয়ন্ত্রণ করা হবে পণ্যবাহী যান চলাচল। কোনা এক্সপ্রেসওয়ে এই পণ্যবাহী যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। সকাল ছ'টা থেকে রাত ১১টা পর্যন্ত বিদ্যাসাগর সেতুতে নিয়ন্ত্রণ করা হবে যান চলাচল। ভারী ও পণ্যবাহী গাড়ি আপাতত চলবে না সেখান থেকে। এমনটাই নির্দেশিকা জারি করা হল কলকাতা পুলিশের তরফ থেকে। এর আগে লালবাজারে এক যৌথ সাংবাদিক বৈঠকে বসেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ বর্মা এবং হাওড়ার পুলিশ কমিশনার প্রবীণ ত্রিপাঠী। ওই সাংবাদিক বৈঠক থেকেই এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়। এরপর আজ অর্থাৎ মঙ্গলবার এই নির্দেশিকা দেওয়া হয়।

কলকাতা পুলিশ সূত্রে এও জানানো হয়েছে, কলকাতা থেকে ১২ নম্বর জাতীয় সড়কমুখী পণ্যবাহী গাড়িগুলিকে টালা সেতু, বিটি রোড এবং নিবেদিতা সেতু হয়ে চলাচল করতে হবে। আগামী রবিবার থেকে এই নির্দেশিকা কার্যকর হবে। তবে কিছু-কিছু গাড়ির ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে। তার মধ্যে রয়েছে গ্যাস সিলিন্ডারের গাড়ি, জ্বালানিবাহী গাড়ি, ওষুধ, সবজি, ফল, মাছ, দুধ এবং অক্সিজেনবাহী গাড়ির ক্ষেত্রে এই নির্দেশ প্রজোয্য হবে না।

উল্লেখ্য, এতদিন পর্যন্ত দুপুরের দিকে মাঝারি এবং হালকা পণ্যবাহী গাড়িকে কোনা এক্সপ্রেসওয়ে হয়ে যেত। তাদের কলকাতায় যাওয়ার অনুমতি দেওয়া হত। আপাতত তা বন্ধ রাখা হচ্ছে।

একদিন
আমার শহর

কলকাতা ১৩ অগাস্ট ২০২৫, ২৭ শ্রাবণ ১৪৩১ বুধবার

মুখ্যসচিবের ভূমিকায় তোপ সুকান্তর

নিজস্ব প্রতিবেদন: মঙ্গলবার রাজ্যের মুখ্যসচিব নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করার প্রসঙ্গ টেনে মনোজ পন্থ-সহ এই রাজ্যে অন্য রাজ্য থেকে এসে উচ্চপদস্থ প্রশাসনিক দায়িত্ব সামলানো আধিকারিকদের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। নির্বাচন কমিশনের কিছু পদক্ষেপ ও সংশ্লিষ্ট আধিকারিকদের ভূমিকা নিয়েও তিনি ক্ষোভ প্রকাশ করেন।

সুকান্ত বলেন, 'কমিশন কী ভাবে প্রতিক্রিয়া জানাবে, জানি না। কমিশন প্রতিক্রিয়া জানাবে, তবে এতে আমাদের সুযোগ তৈরি হবে। কিন্তু কমিশন কোনও সমঝোতায় রাজি হবে না। আমি সেটা নিয়ে মাথা ঘামাচ্ছি না। আমি তা নিয়ে কিছুই পরোয়া করছি না।' এরপর কমিশনের একাংশ আধিকারিকের প্রসঙ্গে তাঁর অভিযোগ, 'ওরা বাঙালি নন, বহিরাগত। এত আধিকারিক আছেন, কিন্তু তাঁরা এই রাজ্যের বাসিন্দা নন। এখানে আসেন, অথচ যে সংবিধানের জন্য আমাদের করের টাকায় তাঁদের মাইনে, নীলবাতি গাড়ি, আবাসন, পরিবারের বাচ্চাদের শিক্ষা, সবই হয়, অথচ সেই সংবিধানের প্রতি তাদের বিন্দুমাত্র আগ্রহ নেই। কেন তা হলে আমরা ওদের আমাদের কর দেব?'

সংবিধানের প্রসঙ্গ টেনে তিনি আরও বলেন, 'ভারতের সংবিধান বলে, তারা বেতন পাবে, গাড়ি পাবে, চাকরি পাবে, সন্তানদের জন্য টাকা পাবে, আরও অনেক সুযোগ-সুবিধা পাবে,এ কারণেই আমি কথাটা বললাম।' সুকান্তের প্রশ্ন, 'এটা সংবিধানের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। সংবিধান প্রদত্ত সবকিছু তারা পায় অথচ সংবিধান মানে না, তা হতে পারে না। এর ব্যবস্থা নেওয়া উচিত।'

নবান্ন অভিযানে কেন অংশ নয় জানাল চিকিৎসক সংগঠন

নিজস্ব প্রতিবেদন: নবান্ন অভিযানে কেন অংশ নেয়নি তা নিয়ে চিকিৎসকদের সংগঠনকে প্রশ্ন করেছিলেন তিলোত্তমার বাবা। এবার এই বিষয়ে মুখ খুলল চিকিৎসক সংগঠন। এবার তাদের তরফ থেকে স্পষ্ট বার্তা, চিকিৎসকদের সংগঠন কোনও রাজনৈতিক দলের সংগঠন নয়।

প্রসঙ্গত, গত শনিবার তিলোত্তমার ন্যায়বিচারের দাবিতে তাঁর মা-বাবা নবান্ন অভিযানের ডাক দেন। সেই অভিযানে তৃণমূল বাদে সব রাজনৈতিক দলকে আমন্ত্রণ জানান তাঁরা। তবে বাস্তবে দেখা যায় বিজেপি বাদ দিয়ে কোনও রাজনৈতিক দল এই অভিযানে অংশগ্রহণ করেনি। ঠিক তেমনই এই অভিযানে অংশ নেয়নি চিকিৎসকদের সংগঠনও। আর তাতেই ক্ষুব্ধ হয়ে মুখ খোলেন তিলোত্তমার বাবা। বলেছিলেন, 'পরিষ্কার বোঝা যাচ্ছে চিকিৎসকদের সংগঠন সিপিএমের হয়ে রাজনীতি করছে।'

সূত্রে খবর, চিকিৎসক সংগঠনের তরফ থেকে মঙ্গলবার একটি বিবৃতি জারি করা হয়। সেখানে স্পষ্ট ভাবে তাদের তরফ থেকে জানানো হয়, এই মঞ্চ কোনও রাজনৈতিক দলের সংগঠন নয়। এই বিবৃতিতে সংগঠনের তরফ থেকে এও জানানো হয়, 'দ্ব্যর্থহীন ভাষায় জানাতে চাই, সমস্ত রকম দলীয় রাজনীতির ঊর্ধ্বে উঠে চিকিৎসক সহ সমাজের বিভিন্ন স্তরের প্রতিবাদী মানুষ ও সংগঠনকে নিয়েই এই মঞ্চ তৈরি হয়েছে। এই মঞ্চের প্রাথমিক ও কেন্দ্রীয় লক্ষ্য তিলোত্তমার ন্যায়বিচার সুনিশ্চিত করা। আর যেন কোনও তিলোত্তমা যাতে না হয় সেই লড়াই চালিয়ে যাওয়া।'

এর পাশাপাশি চিকিৎসকদের সংগঠনের দাবি, তিলোত্তমার মৃত্যু একটি প্রতিষ্ঠানিক এবং রাজনৈতিক হত্যা। মঞ্চ তাদের বিবৃতিতে এও জানায়, 'এখনও পর্যন্ত ন্যায় বিচার না-পাওয়াটাও সম্পূর্ণ রাজনৈতিক। বিচার প্রক্রিয়াকে বিলম্বিত করা বা লক্ষ্যভ্রষ্ট করার জন্য উভয় সরকার একই রকম উদ্যোগী।' একই সঙ্গে এও বলা হয়েছে, এই সংগঠন তিলোত্তমার মা ও বাবার লড়াইকে কুর্নিশ জানায়। কাঁধে কাঁধ মিলিয়ে এই সঠিক বিচার ছিনিয়ে আনার জন্য চিকিৎসকদের এই সংগঠন তাদের সঙ্গে এই লড়াইতে আগেও ছিল, এখনও আছে, ভবিষ্যতেও থাকবে। পাশাপাশি এই ইস্যুতেই ১৪ই অগস্ট 'রাত দখলের ডাক' দেওয়া হয়েছে মঞ্চের তরফে।

যাদবপুর-টালিগঞ্জে পানীয় জল সমস্যা জানুয়ারিতে মিটবে, জানালেন ফিরহাদ

নিজস্ব প্রতিবেদন: জানুয়ারির মধ্যেই ধাপা 'জয় হিন্দ' জল প্রকল্পে প্রতিদিনের প্রয়োজনে অতিরিক্ত ২০ মিলিয়ন গ্যালন পানীয় জল পরিশোধনের প্রকল্প তৈরি হয়ে যাবে। মঙ্গলবার সকালে কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম পুরসভার পানীয় জল সরবরাহ বিভাগের আধিকারিকদের নিয়ে ধাপা জয় হিন্দ জল প্রকল্প পরিদর্শন করেন। তারই মধ্যে এমনই এক আশার খবর দিতে শোনা গেল কলকাতা পুরসভার মেয়রকে। এই অতিরিক্ত ২০ মিলিয়ন গ্যালন জলে তপসিয়া থেকে বাইপাসের ধারে বিভিন্ন এলাকা যাদবপুর এবং টালিগঞ্জের কিছু অংশ বাসিন্দারা উপকৃত হবেন। গড়িয়া ঢালাই ব্রিজের কাছে একই ভাবে আরও ১০ মিলিয়ন গ্যালন অতিরিক্ত জল উৎপাদনের জন্য আরও একটি জল প্রকল্প তৈরি করছে কলকাতা পুরসভা।

এর পাশাপাশি কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম এও জানান, প্রকল্পের কাজ বাস্তবায়িত হয়ে গেলে কলকাতায় পানীয় জলের সমস্যা আর থাকবে না, ডিপ টিউবয়েলের প্রয়োজনীয়তা কমে যাবে। এর আগে ধাপা জল প্রকল্পের কাজের অগ্রগতি পরিদর্শনে এসে ক্ষোভ প্রকাশ করেছিলেন মেয়র। এখন কাজের অগ্রগতি অনেকটাই ত্বরান্বিত হয়েছে, গোটা কার্যক্রম পরিদর্শনের পর জানান ফিরহাদ।

পুলিশকর্মীদের নিগ্রহে পথে পরিবারের সদস্যরা

নিজস্ব প্রতিবেদন: পুলিশকর্মীদের নিগ্রহ করার ব্যাপারে মঙ্গলবার পথে নামেন পুলিশ কর্মীদের পরিবারের সদস্যরা। তাঁদের তরফ থেকে স্পষ্ট প্রশ্ন, কেন পুলিশকে এ ভাবে নিগ্রহ করা হবে তা নিয়েই।

সঙ্গে এ অভিযোগও ওঠে, রাজ্য সরকার বা শাসক দল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে প্রতিবাদ মানেই কুকথা শুনতে হবে পুলিশকে এটাই যেন সাধারণ ব্যাপার হয়ে গিয়েছে। সদ্য আরজি কর-কাণ্ডের প্রতিবাদে যে নবান্ন অভিযান হয়েছে সেখানেও এই চিত্রের ব্যতিক্রম কিছু ঘটতে দেখা যায়নি। মার খেতে হয়েছে পুলিশকে, অশ্লীল ভাষা প্রয়োগ করা হয়েছে তাঁদের বিরুদ্ধে। এরপরও বারবার তাদের অশালীন ভাবে আক্রমণ করা হচ্ছে। গালিগালাজ থেকে শুরু করে নোংরা কথা বলা হচ্ছে। পুলিশদের তো বটেই, তাঁদের মতো পরিবারের সদস্যদেরও ছাড়া হচ্ছে না। তাঁদের সাফ কথা, পুলিশেরও বাড়িতে মা-বোন-স্ত্রী-সন্তানরা আছেন। এইসব ঘটনা তাঁদের ওপর বড় প্রভাব ফেলছে।

নবান্ন অভিযান চলাকালীন পুলিশকে কুকথা বলার অভিযোগ ওঠে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে। পাশাপাশি দাবি করা হয়, পুলিশকে ফেলে পেটানো হয়েছে। এই ইস্যুতে মঙ্গলবার ক্ষোভ উগরে দিতে দেখা গেল পুলিশকর্মীদের পরিবারের সদস্যদের। এই প্রসঙ্গে পুলিশকর্মীদের পরিবারের এক সদস্যা জানান, 'নবান্ন অভিযানে বিরোধী দলনেতা নগরপালকে বাজে ভাষায় কথা বলেছেন। এটা মানা যায় না। পুলিশকর্মী ভাইকে প্রাণে মারার চেষ্টা করা হয়েছে। বিরোধী দলনেতা সুরক্ষা কবচ নিয়ে প্রতিনিয়ত পুলিশকে আক্রমণ করেছে। এর জন্য ধিক্কার। আমাদের পরিবারের মান সম্মান রাখে না। আমাদের ভাই-স্বামীরা রাস্তায় ডিউটি করছেন। কেউ বলছেন বউ-বিক্রি কর, কেউ বলছে পুলিশ মাকে বিক্রি কর। এটা মানা যায় না।'

এদিনের এই সাংবাদিক বৈঠক চলাকালীনই সাংবাদিকদের একাংশ বীরভূমের কোর কমিটির আহ্বায়ক অনুব্রত মণ্ডল সম্বন্ধে প্রশ্ন তোলেন। সম্প্রতি, তাঁর বিরুদ্ধেও পুলিশকে হুমকি ও তাঁর পরিবারের স্ত্রী-মাকে নিয়ে নোংরা ভাষায় গালিগালাজ করতে শোনা যায়। এরই প্রেক্ষিতে পুলিশের পরিবারের এক সদস্য বলেন, 'ব্যাপারটা জানাজানি হতেই উনি ক্ষমা চেয়েছেন। ওঁর নামে কেস হয়েছে। আমরা তো তখনই প্রতিবাদ করেছি। তদন্ত চলছে, দোষী হলে নিশ্চয়ই শাস্তি পাবে।' এর পাশাপাশি তাঁদের সংযোজন, 'কে বিজেপি, কে তৃণমূল জানি না। আমরা প্রতিবাদ করছি।'

স্বাধীনতা দিবস উপলক্ষে ভিক্টোরিয়া মেমোরিয়ালকে তিরঙ্গা আলো দিয়ে সাজানো হয়েছে।

নবান্ন অভিযানে পুলিশকেই মারধর, জানালেন মিরাজ

নিজস্ব প্রতিবেদন: নবান্ন অভিযানে পুলিশের বিরুদ্ধে ওঠা অভিযোগ নিয়ে মুখ খুললেন মিরাজ খালিদ।

নবান্ন অভিযানে তিলোত্তমার মাকে মারধর করা হয়েছে বলে পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিতে দেখা গিয়েছে তিলোত্তমার মা-বাবাকে। এছাড়াও পুলিশের বিরুদ্ধে একাধিক অভিযোগ উঠে এসেছে। নবান্ন অভিযানের দু'দিন পর এই ইস্যুতেই বৈঠক করেন যুগ্ম কমিশনার হেডকোয়ার্টার মিরাজ খালিদ, যুগ্ম কমিশনার (অপরাধ) রূপেশ কুমার এবং ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়।

এদিনের এই বৈঠকে মিরাজ খালিদ বলেন, 'গত ৯ তারিখ নবান্ন অভিযান হয়। 'নবান্ন চলো' সমাজ মাধ্যমে প্রচার চলে। পুলিশকে কোনও কিছু জানানো হয়নি। পশ্চিমবঙ্গ ছাত্র সমাজ ফেসবুকে ডাক দেয় বলে জানতে পারি। এরপর কলকাতা পুলিশের তরফ থেকে ওদের ই-মেল করা হয়। সেই সময় তারা বলে আমরা আয়োজক নই। তারপর আদালতে যায়।' এই প্রসঙ্গে মিরাজ খালিদ এও বলেন, 'পুলিশের তরফে বলা হয়, হয় সাঁতরাগাছি বা রানি রাসমণি অ্যাভিনিউয়ে বিক্ষোভ দেখানো যেতে পারে। এ ব্যাপারে একটি প্রেস ব্রিফিংও করা হয়েছিল।'

আর এই প্রসঙ্গে যুগ্ম কমিশনার হেডকোয়ার্টার এও বলেন, '৯ তারিখ পুলিশ ছিল। ওখানে ৫০০ মতো লোক ছিল। হঠাৎ করে রানি রাসমণি না-গিয়ে ডোরিনা গিয়ে সাউথের দিকে মিছিল যায়। সেই সময় পুলিশ বাধা দেয়। বলা হয় যে রুট ঠিক করে দেওয়া হয়েছে। কিন্তু মিছিল পার্কস্ট্রিটের দিকে এগোতে থাকে। কেউ কথা শোনেনি। এই ঘটনায় পুলিশকে মারধরও করা হয়। ৫ জন পুলিশ আহত হন, ডিসির গার্ড গুরুতর আহত হয়েছেন। ৬টি কেস রেকর্ডও হয়েছে।'

এরপর এদিন মিছিলের একটি ভিডিয়ো দেখানো হয় পুলিশের তরফে। সেই ভিডিয়ো দেখানোর পর পরবর্তীতে পুলিশের তরফে জানানো হয়, পরিস্থিতি খারাপ হতে থাকায় মৃদু লাঠিচার্জ করা হয়। এরপর প্রশ্ন ওঠে তিলোত্তমার মায়ের অভিযোগ নিয়ে। এ প্রসঙ্গে উত্তর দিতে গিয়ে যুগ্ম কমিশনার হেডকোয়ার্টার মিরাজ খালিদ এও বলেন, 'আমরা চাইনি উনি আহত হন। পুলিশকে ফেলে মেরেছে খতিয়ে দেখেছি।

এসআইআর ইস্যুতে তৃণমূলের ভোটব্যাঙ্ক বাংলাদেশি অনুপ্রবেশকারী: অগ্নিমিত্রা পাল

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: 'তৃণমূলের আসল ভোটব্যাঙ্ক বাংলাদেশি অনুপ্রবেশকারী, তাই এসআইআর নিয়ে এত হইচই করছে।' হাওড়ায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে এমনই অভিযোগ তুললেন আসানসোলের বিধায়ক অগ্নিমিত্রা পাল। মঙ্গলবার হাওড়া আদালতে আটক দুই বিজেপি কর্মীর সঙ্গে দেখা করে বেরিয়ে তিনি রাজ্য সরকার ও তৃণমূল নেতৃত্বের বিরুদ্ধে একের পর এক কটাক্ষ করেন।

নবান্ন অভিযানের ঘটনায় হাওড়া সিটি পুলিশ দু'টি মামলা দায়ের করে, একটি ৯ অগস্ট হাওড়া থানায়, অন্যটি জগাছা থানায়। অভিযোগে বেআইনি জমায়েত, পুলিশের নির্দেশ অমান্য, সরকারি সম্পত্তি ভাঙচুর-সহ একাধিক ধারায় অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের বিরুদ্ধে মামলা হয়। তদন্তে নেমে পুলিশ অভিক মণ্ডল ও মনোরঞ্জন ঘোষ নামে দুই বিজেপি কর্মীকে রানিগঞ্জ থেকে আটক করে। তাঁরা সেদিন সাঁতরাগাছি ও মল্লিক ফটকে আন্দোলনে অংশ নিয়েছিলেন। পরে তাঁদের হাওড়া সিটি পুলিশের হাতে তুলে দেওয়া হয় এবং মঙ্গলবার আদালতে তোলা হয়।

কোর্ট লকআপে তাঁদের সঙ্গে দেখা করে অগ্নিমিত্রা বলেন, 'আদালতের অনুমতি নিয়ে মিছিল হলেও, আন্দোলনকারীদের গ্রেপ্তার করে একাধিক ধারায় মামলা দেওয়া হচ্ছে। একসময়ের বিরোধী নেত্রী মমতা ব্যানার্জি এখন বিরোধীদের মুখ বন্ধ করতে চাইছেন।' আরজি কর মেডিক্যাল কলেজের অভয়া রায় ধর্ষণ-খুন মামলার প্রসঙ্গ টেনে তিনি অভিযোগ করেন, 'এক বছরেও বিচার হয়নি,

বরং মুখ্যমন্ত্রী প্রাক্তন পুলিশ কমিশনারের মদতে তথ্য-প্রমাণ লোপাট করেছেন। আজ পুলিশের স্ত্রীদের দিয়ে প্রেস কনফারেন্স করানো হচ্ছে। কিন্তু যখন অনুব্রত মণ্ডল পুলিশকর্মীদের স্ত্রী-মা নিয়ে কুরুচিকর মন্তব্য করেছিলেন, তখন কেন তাঁরা চুপ ছিলেন?'

এসআইআর নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যকে আক্রমণ করে অগ্নিমিত্রা বলেন, 'নির্বাচন কমিশন অভিষেকের মামারবাড়ি নয়। ভুয়ো ভোটার ঢুকিয়ে অভিষেক নিজেই জিতেছেন। ডায়মন্ড হারবারে সবচেয়ে বড় সমস্যা হবে এসআইআর হলে।' তিনি আরও বলেন, 'অতীতেও এসআইআর হয়েছে, তা হলে এবার এত বিতর্ক কেন? কারণ তৃণমূলের ভোটব্যাঙ্ক বাংলাদেশি অনুপ্রবেশকারী। সিএএ ইস্যুতে আন্দোলনের মতো এবারও মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে, কিন্তু মানুষ এখন স্বচ্ছ ভোটার তালিকাই চান।'

ওবিসি সংরক্ষণ ইস্যুতে রাজ্যকে তোপ শমীকের

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে ওবিসি সংরক্ষণ নিয়ে ফের তৃণমূল সরকারের বিরুদ্ধে তোপ দাগলেন বিজেপির রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। তাঁর অভিযোগ, মুসলিম ভোটব্যাঙ্ক শক্ত করার তোষণনীতির বলি হচ্ছে রাজ্যের বর্তমান প্রজন্ম।

শমীক ভট্টাচার্যের বক্তব্য, রাজ্যের পরীক্ষার্থীদের ভবিষ্যৎ ধ্বংস করছে এই তৃণমূল সরকার। ১০ শতাংশ অতিরিক্ত ওবিসি তৈরি করেছে, কাদের থেকে কেটে এই তালিকা বাড়ানো হয়েছে? হিন্দুদের উপকার করবে না, কারণ এরা হিন্দু-বিরোধী। জেনারেল কাস্টের থেকে ১০ শতাংশ কেটে মুসলিমদের খুশি করতে চাইছে। অথচ স্কুলের শিক্ষা ব্যবস্থা ভেঙে দিয়েছে। এখন খারিজি মাদ্রাসায় পড়লে কোনও সংরক্ষণের সুযোগ পাবে?'

তিনি আরও অভিযোগ করেন, আইনি লড়াইয়ের নামে কখনও হাইকোর্ট, কখনও সুপ্রিম কোর্টের দ্বারস্থ হওয়ার ফলে প্রেসিডেন্সি-সহ বহু কলেজে ভর্তি প্রক্রিয়া আটকে আছে, জয়েন্টের ফল প্রকাশ হয়নি। তাঁর দাবি, উদ্দেশ্য একটাই, হিন্দুরা সংরক্ষণ পাবে না, শুধু মুসলিমরা পাবে। তাও অবৈজ্ঞানিক ভাবে, মাত্র চারশোটি বাড়িতে সার্ভে করেই সম্পূর্ণ তালিকা প্রস্তুত করা হয়েছে। এই অস্বচ্ছতার জেরে রাজ্যের শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ধ্বংসের পথে বলে অভিযোগ করেন শমীক।

এসআইআর নিয়ে রাজনৈতিক তরজা, মুখোমুখি অভিষেক-শমীক

নিজস্ব প্রতিবেদন: ভোটার তালিকার বিশেষ সংশোধন বা এসআইআর নিয়ে ফের সরগরম রাজ্যের রাজনীতি। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মঙ্গলবার অভিযোগ করেন, বাংলার ভোটার তালিকা নিয়ে একতরফা সংশোধনের চেষ্টা চলছে। তাঁর দাবি, যদি সত্যিই বর্তমান তালিকায় অনিয়ম থাকে, তবে আগে লোকসভা ভেঙে দিয়ে প্রধানমন্ত্রী থেকে শুরু করে কেন্দ্রীয় মন্ত্রিসভা পদত্যাগ করুন, তারপর গোটা দেশে একযোগে সংশোধন প্রক্রিয়া হোক। অভিষেকের বক্তব্য, গুজরাত বা উত্তরপ্রদেশের তালিকা ঠিক ধরা হবে, আর বাংলা বা বিহারের ক্ষেত্রে ভুল ধরা হবে;এমন বৈষম্য চলতে পারে না। তিনি অভিযোগ করেন, বিজেপি রাজনৈতিক স্বার্থে ভোটার তালিকা নিয়ে কারচুপি করছে এবং নির্বাচন কমিশন তা দেখেও পদক্ষেপ করছে না। তিনি আরও সতর্ক করেন, তৃণমূল এবার বৃহৎ জনসমাবেশ করে কমিশন ঘেরাও করবে।

যাত্রীরা খুব খুশি এসি লোকাল ট্রেন পরিষেবায়

নিজস্ব প্রতিবেদন: লোকাল ট্রেনযাত্রার গরম ও ভিড়ের চিত্র পালটে দিল নতুন অধ্যায়। রবিবার উদ্বোধনের পর সোমবার থেকে নিয়মিত পথে নামল বাংলার প্রথম শীতাতপ নিয়ন্ত্রিত লোকাল ট্রেন, শিয়ালদা থেকে রানাঘাট রুটে। পূর্ব রেলের দাবি, মুম্বইয়ের পর এটাই পূর্ব ভারতের প্রথম এসি লোকাল পরিষেবা।

প্রথম দিনই সকাল ৮টা ২৯ মিনিটে রানাঘাট থেকে ছাড়ে ট্রেনটি, আর সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে শিয়ালদা থেকে ফেরার যাত্রা শুরু হয়। নিত্যযাত্রী থেকে শুরু করে কৌতূহলী সাধারণ মানুষ, সবাই চেপে দেখলেন ঝকঝকে কোচ, ঠান্ডা পরিবেশ ও কম ভিড়ের স্বাদ। কেউ একে তুলনা করলেন 'বন্দে ভারতে'র অভিজ্ঞতার সঙ্গে, কেউ বললেন, 'লোকাল ট্রেনে এমন আরাম স্বপ্নেও ভাবিনি।'

যাত্রীরা মনে করছেন, এই পরিষেবার পরিচ্ছন্নতা রক্ষার দায়িত্ব তাঁদেরও। তবে প্রথম দিনই ধরা পড়েছে টিকিটবিহীন যাত্রী, যাঁদের রেল কর্তৃপক্ষ সতর্ক করেছে। পূর্ব রেলের শিয়ালদা শাখা জানিয়েছে, ব্যয়বহুল এই পরিষেবায় সবার নির্ধারিত ভাড়া দেওয়া প্রয়োজন। এখন দিনে মাত্র এক জোড়া এসি লোকাল চললেও, চাহিদা বাড়লে আরও পরিষেবা দেওয়ার পরিকল্পনা রয়েছে। যাত্রীদের মতে, শিয়ালদা-রানাঘাট রুটে এই ট্রেন যাতায়াতের সঙ্গে সঙ্গে স্বাচ্ছন্দ্যের নতুন যুগের সূচনা করল।

SBI

স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ II , কলকাতা
'জীবনদীপ বিল্ডিং' ১১তম তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১
ইমেল ঃ sbi.18192@sbi.co.in

এতদ্বারা জ্ঞাত করা হচ্ছে যে, **মেসার্স স্বচ্ছ বেভারেজেস প্রা. লি.** এবং এর জামিনদাতাগণ/বন্ধকদাতাগণ ব্যাংক থেকে প্রাপ্ত ঋণ সুবিধার মূল ও সুদ পরিশোধে ব্যর্থ হয়েছেন এবং ঋণগুলিকে নন পারফরর্মিং অ্যাসেটস (এনপিএ) হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। আরও, ব্যাংক, ২০০২ সালের সারফেসি আইনের বিধান অনুসারে, নীচে বর্ণিত সম্পদের প্রতীকী দখল নিয়েছেন। ব্যাংক কিছু/সমস্ত বন্ধকী সম্পদের ক্ষেত্রে বিক্রয়ের জন্য পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং, সেই অনুযায়ী, ২০০২ সালের সিকিউরিটিজেশন অ্যান্ড রি-কনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের (আইন) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) অধীনে ঠিকানাপ্রাপ্ত ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের তাদের সর্বশেষ পরিচিত ঠিকানায় নোটিশ জারি করেছে। ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের কাছ থেকে পাওনা ঋণের পরিমাণ **২৭.০৯.২০১৬ তারিখ থেকে কার্যকর মতে অধার্য সুদ, চার্জ এবং অন্যান্য খরচ সহ ৪,৫২,২২,০১২.৩০ টাকা (চার কোটি বাহান্ন লাখ বাইশ হাজার বারো টাকা এবং তিরিশ পয়সা)**। যাইহোক, কিছু নোটিশ অবণ্টিত অবস্থায় ফিরে এসেছে এবং তাই তাদেরকে এতদ্বারা অবহিত করা হচ্ছে যে ব্যাংক এই নোটিশের তারিখ থেকে ত্রিশ (৩০) দিন মেয়াদ শেষ হওয়ার পরে আইন অনুসারে নীচে বর্ণিত সম্পত্তিগুলি সাধারণ নিলামে বিক্রয়ের জন্য এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

ক্রম নং	প্রাপকের ঠিকানা (ঋণগ্রহীতা/জামিনদাতা)	২০০২ সালের সারফেসি আইনের ৮(৬) অধীনে নোটিশের তারিখ	সম্পত্তির বিস্তারিত
১.	**স্বচ্ছ বিভারেজেস প্রা লি**	১১.০৮.২০২৫	ফ্ল্যাট নং ২১৪, ৩য়তল, এরিয়া ৬৬৬ বর্গফুট ভবন/সোসাইটি নাম : ভিভিয়েন ভ্যালি, স্ট্রিট/এরিয়ার নাম : কোনা এক্সপ্রেস হাইওয়ে, ল্যান্ডমার্ক : লেক ল্যান্ড কান্ট্রি ক্লাব কমপ্লেক্স, থানা : ডোমজুড়, জেলা হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন কোড : ৭১১৪০৩ (আরএস দাগ নং ৬৩৭০, এলআর দাগ নং ৬৩৯৪, এলআর খতিয়ান নং ১৮২১/১, জেএল নং ৫১, মৌজা : নিবরা, থানা : ডোমজুড়, জেলা : হাওড়া), দলিল নং ১-১৭১৬- ২০১০ সালের, সম্পত্তি শ্রী মানস রায় এর নামে।
২.	**শ্রী মানস রায়**	১১.০৮.২০২৫	
৩.	**শ্রী সুনীল ঘোষ**	১১.০৮.২০২৫	
৪.	**শ্রী রোহিত লোহিয়া**	১১.০৮.২০২৫	
৫.	**শ্রীমতি ইন্দ্রানী চক্রবর্তী**	১১.০৮.২০২৫	
৬.	**মেসার্স অ্যাডামস মার্কেটিং প্রা লি।**	১১.০৮.২০২৫	

এতদ্বারা ঋণগ্রহীতাকে জানানো হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।

তারিখ ঃ ১৩.০৮.২০২৫
স্থান ঃ কলকাতা

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এসএএমবি II, কলকাতা

SBI

এসবিআই, হোম লোন সেন্টার রাজারহাট (১৬৮২২)
বেঞ্চমার্ক, সিটি সেন্টার - ২-এর নিকট, নিউ টাউন, সন্তোষ চেম্বার, ব্লক - এ, ৩য় তল, রাজারহাট নিউটাউন, বাইপাস রোড, নোয়াপাড়া পো- হাতিয়ারা, কলকাতা - ৭০০১৬১
ইমেল - sbi.16822@sbi.co.in

২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ

এতদ্বারা নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ সুবিধার মূল এবং সুদ আদায়দানে ব্যর্থ হওয়ায় তাঁর ঋণ অ্যাকাউন্ট নন পারফর্মিং অ্যাসেটস (এনপিএ) শ্রেণিভুক্ত হয়েছে। উক্ত নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা অধীনে ইস্যু করা হয়েছে এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হয়েছিল, কিন্তু তা অবণ্টিত অবস্থায় ফিরে এসেছে ফলে এই নোটিশ মারফত অবগত করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের নাম এবং ঠিকানা এবং শাখার নাম	স্বত্ব দলিল দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিস্তারিত	নোটিশের তারিখ এনপিএ তারিখ	বকেয়া পরিমাণ
১	**শ্রী কৃষ্ণানন্দ ঝা,** পিতা শ্রী বাবু নারায়ণ ঝা, নিবাস : ৩য়তল, কেএমসি ওয়ার্ড নং ১১১, প্রেমিসেস নং ৪৮৬, কামডহরি, পূর্বপাড়া, বাঁশদ্রোণী, দাক্ষিণ ২৪ পরগনা, কলকাতা ৭০০০৮৪, **আরও ঠিকানা :** ৬ সুখলাল জহরি লেন, বিশুদ্ধানন্দ হসপিটাল পোস্তা, কলকাতা : ৭০০০০৭। **শ্রীমতি সরিতা দেবী** স্বামী শ্রী বাবু নারায়ণ ঝা, **নিবাস :** ৩য় তল, কেএমসি ওয়ার্ড নং ১১১, প্রেমিসেস নং ৪৮৬, কামডহরি, পূর্বপাড়া, বাঁশদ্রোণী,দাক্ষিণ ২৪ পরগনা, কলকাতা ৭০০০৮৪, আরও ঠিকানা : ওয়ার্ড নং ৭, গ্রাম রামপুরুদাই, পো :পুতাই, দারভাঙ্গা, বিহার : ৮৪৭৪২৩। **হোম লোন এ/সি নং** ৩৭৫৬০৪৪৭৯২৩। **সুরক্ষা লোন এ/সি নং** ৩৭৫৬২৬৪৩৯৬০। **চিনার পার্ক রাজারহাট (১১৫৪২)।**	সংশ্লিষ্ট সকল অংশ উক্ত ফ্ল্যাট, ৩য় তলে, (সামনের অংশে) কমবেশি **৬৬০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া,** দুই বেড রুম, এক ডাইনিং রুম, এক কিচেন, এক টয়লেট, এক বারান্দা, ইত্যাদি মার্বেল মেঝে ভবনে সংশ্লিষ্ট সকল অবিভক্ত অবিচ্ছেদ্য অংশ জমির চাতালের উক্ত ফ্ল্যাট এবং ভবনের পরিষেবা, সুবিধা, ছাদের অধিকার চলার পথ সকল অধিকার এবং দায়বদ্ধতা সহ। উক্ত ফ্ল্যাট অবস্থিত মোট জমির পরিমাণ **৮ ছটাক ১৮ বর্গফুট** এবং সিএস খতিয়ান নং ৩৯৩, আরএস খতিয়ান নং ৫৩৫,দাগ নং ৮২৬,জমির পরিমাণ ১ কাঠা ৯ ছটাক ২৩ বর্গফুট মোট জমির পরিমাণ ২ কাঠা ১ ছটাক ৪১ বর্গফুট অবস্থিত মৌজা কামডহরি, জেএল নং ৪৯, আরএস নং ২০০, তৌজি নং ১৪, আরএস খতিয়ান নং ৫৩৫, দাগ নং ৮২৬, কামডহরি পূর্বপাড়া, অ্যাসেসি নং **৩১-১১১-১২০-৪৮৬-৩,** থানা : বাঁশদ্রোণী, জেলা : দক্ষিণ ২৪ পরগনা। **স্বত্ব দলিল রেজিস্ট্রিকৃত বুক -১, ভল্যুম নং ১৬০১-২০১৮, পৃষ্ঠা ৩০৬৪২ থেকে ৩০৬৯২, দলিল নং ১৬০১০০৮৪২-২০১৮ সালের। সম্পত্তি শ্রী কৃষ্ণানন্দ ঝা, পিতা শ্রী বাবু নারায়ণ ঝা এবং শ্রীমতি সরিতা দেবী স্বামী শ্রী বাবু নারায়ণ ঝা এর নামে। সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** অংশ দাগ নং ৮২৬; **দক্ষিণে :** ৮ ফুট চওড়া সাধারণ চলার পথ; **পূর্বে :** ৮ ফুট চওড়া সাধারণ চলার পথ; **পশ্চিমে :** অংশ দাগ নং ৮২৬।	**১৩(২) ধারা অধীনে নোটিশের তারিখ ২৮.০৭.২০২৫** **এনপিএ তারিখ ২১.০৭.২০২৫**	**হোম লোন এ/সি নং** ৩৭৫৬০৪৪৭৯২৩ **সুরক্ষা লোন এ/সি নং** ৩৭৫৬২৬৪৩৯৬০ **১১,৮৭,৭২৫.০৭ টাকা** (এগার লাখ সাতাশি হাজার সাতশ পঁচিশ টাকা এবং সাত পয়সা) **২৮.০৭.২০২৫ অনুযায়ী** পরবর্তী সুদ সহ। আপনারা চুক্তি মোতাবেক হারে উক্ত পরিমাণের জন্য সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি দিতে দায়বদ্ধ।

নোটিশের বিকল্প পরিষেবা হিসেবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণ (যেখানে প্রযোজ্য) সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে, ব্যর্থ হলে সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) অধীনে এই নোটিশের ৬০ দিনের পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

তারিখ : ১৩.০৮.২০২৫
স্থান - রাজারহাট

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

সম্পাদকীয়

ট্রাম্পের খামখেয়ালিপনায় আরও বিপাকে ভারতীয় পড়ুয়া ও চাকুরিজীবীরা

শুল্কনীতির পর এবার ভিসা। প্রেসিডেন্ট ট্রাম্পের খামখেয়ালিপনার শিকার হতে চলেছে সে দেশে কর্মরত এবং পাঠরত এক বড় অংশের ভারতীয়। শুধু তাঁরাই নয়, যাঁরা উচ্চশিক্ষা ও কাজের জন্য মার্কিন মুলুকে যাওয়ার প্রত্যাশী তাঁরাও বড়সড় ধাক্কা খেয়েছেন ট্রাম্প প্রশাসনের নয়া সিদ্ধান্তে। আমেরিকায় চাকরি বা পড়ার জন্য এইচ-ওয়ান বি ভিসার নিয়মে বড়সড় পরিবর্তন আসতে চলেছে খুব শীঘ্রই। বিশেষ করে শুল্ক-নীতির পর আমেরিকার প্রশাসনিক মহলে এই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। ফরেন লেবার অ্যাকসেস গেটওয়ে বা ফ্ল্যাগ পুরনো সব ভিসা আবেদনপত্র বাতিল করে দিচ্ছে। একইসঙ্গে মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা বিভাগ এই প্রক্রিয়ায় নতুন ব্যবস্থা আনতে চলেছে বলেই খবর। এমনিতেই ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ হারে শুল্ক চাপিয়েছেন তিনি। রাশিয়া থেকে ভারত তেল কেনা বন্ধ না করাতেই এই পদক্ষেপ বলে জানিয়েছেন ট্রাম্প। তবে এখানেই থামছেন না তিনি। এবার মার্কিন ভিসা প্রত্যাশী ভারতীয়দের যাবতীয় অ্যাপয়েন্টমেন্ট আগামী ২ মাসের জন্য বাতিল করল মার্কিন কনস্যুলেটগুলো। আগস্ট ও সেপ্টেম্বরে ড্রপবক্স ভিসার স্লট যাদের ছিল, সব বাতিল করেছে মার্কিন কনস্যুলেট। ট্রাম্প প্রশাসনের এই আজব সিদ্ধান্তে হাজার হাজার ভিসাপ্রত্যাশী, বিশেষ করে যারা ভিসার পুনর্নবীকরণের জন্য অপেক্ষা করছিলেন, তারা বিপাকে পড়েছেন। নতুন নিয়ম অনুযায়ী এই বিভাগে আবেদনকারীদের ভিসার রিনিউয়ালের জন্য সাক্ষাৎকারের সময় সশরীরে উপস্থিত থাকতে হবে। মার্কিন কনস্যুলেটের পক্ষ থেকে এই বাতিলের নির্দিষ্ট কারণ এখনও স্পষ্ট করে কিছু জানানো হয়নি। কিন্তু এই সিদ্ধান্তের ফলে অসংখ্য আবেদনকারী ঘোরতর অনিশ্চয়তার মধ্যে পড়লেন।বিশেষ করে যারা দ্রুত ভিসা নিয়ে আমেরিকায় ফিরতে চেয়েছিলেন, তাদের গোটা পরিকল্পনাই এখন বিশবাঁও জলে। নতুন স্লট কবে মিলবে, তাও নিশ্চিত ভাবে জানাতে পারছে না মার্কিন প্রশাসন। সব মিলিয়ে মার্কিন মুলুকের উচ্চশিক্ষা থেকে চাকুরি, ভারতীয়দের কাছে অনিশ্চয়তায় মেঘে ঢাকা পড়েছে।

শব্দবাণ-৩৫৮



শুভজ্যোতি রায়

সূত্র—পাশাপাশি: ১. শ্বাসপ্রশ্বাস নিয়ন্ত্রণের প্রাণায়ামবিশেষ ৩. ঘোষণা ৫. ছাতা বা ওয়াটারপ্রুফ কোট ৭. তানপুরা ৮. নগর, — থেকে দূরে ১০. অভাব।

সূত্র—উপর-নীচ: ১. অনুমান ২. গঠনগত সাদৃশ্যযুক্ত ভাষাসমূহের গোষ্ঠী ৩. স্বর্গোদ্যান ৪. (আল.) অতি হিংস্র ও ভয়ংকর স্বভাবের মানুষ ৬. অন্ধকার ৯. বধ, হত্যা।

সমাধান: শব্দবাণ-৩৫৭

পাশাপাশি: ১.অনুবেল ৩. আখেরি ৪. পারগ ৬. তরক ৯. দাবড়ি ১০. ইচ্ছাময়।

উপর-নীচ: ১. অরিষ্ট ২. লহর ৩. আওরাত ৫. গড়াগড়ি ৭. রসুই ৮. বিদায়।

জন্মদিন

আজকের দিন

শ্রীদেবী

১৮৪৮ বিশিষ্ট ঐতিহাসিক রমেশচন্দ্র দত্তের জন্মদিন।
১৯৫৪ বিশিষ্ট রাজনীতিবিদ রেণুকা চৌধুরীর জন্মদিন।
১৯৬৩ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী শ্রীদেবীর জন্মদিন।

বিপদসীমা দিয়ে বইছে মহানন্দা নদী, প্লাবিত ইংরেজবাজারের একাধিক ওয়ার্ড

নিজস্ব প্রতিবেদন, মালদা: হু হু করে জল বাড়ছে মহানন্দা নদীর। যার ফলে ইংরেজবাজার শহরের নদী তীরবর্তী এলাকা প্লাবিত হতে শুরু করেছে। ইতিমধ্যে ইংরেজবাজার পুরসভার একাধিক ওয়ার্ডের প্রায় ২০০টি পরিবার অন্যত্র আশ্রয় নিয়েছেন। এই পরিস্থিতিতে শহরের মহানন্দা নদীর তীরবর্তী এলাকাগুলির পরিস্থিতির তদারকি করেছে জেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট পুরসভা কর্তৃপক্ষ। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, বর্তমানে মহানন্দা নদী বিপদ সীমা দিয়ে বইছে।

মঙ্গলবার ইংরেজবাজার পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের হঠাৎ কলোনি-সহ বালুচরের বিভিন্ন এলাকার মহানন্দা নদীর বন্যা পরিস্থিতির পরিদর্শন করেন তৃণমূলের জেলা যুব সভাপতি প্রসেনজিৎ দাস। তাঁর সঙ্গে ছিলেন সংশ্লিষ্ট ওয়ার্ডের দলীয় কাউন্সিলর ছবি দাস-সহ অন্যান্যরা। শহরের মধ্যেই মহানন্দা নদী সংলগ্ন বেশ কিছু এলাকা প্লাবিত হওয়ায় এখন ছোট ডিঙি নৌকাই ভরসা অসংখ্য মানুষের। উল্লেখ্য, ইংরেজবাজার পুরসভার ৮, ৯, ১২, ১৩ এবং ১৪ নম্বর ওয়ার্ডগুলি মহানন্দা নদী তীরবর্তী। সংশ্লিষ্ট ওয়ার্ডের হঠাৎ কলোনি থেকে শুরু করে উত্তর ও

দক্ষিণ বালুচর, মিশন ঘাট, গাদুয়া মোড়-সহ একাধিক এলাকার মহানন্দা নদীর জল ঢুকে প্লাবিত হয়েছে বলে অভিযোগ করেছেন স্থানীয় বাসিন্দারা। গত কয়েকদিনের বৃষ্টিতেও বেড়েছে মহানন্দা নদীর জল। তড়িঘড়ি সংশ্লিষ্ট এলাকার বাসিন্দারা নিজেদের ঘরোয়া আসবাবপত্র অন্যত্র সরিয়ে যেমন তেমন প্রকারে আশ্রয়ের ব্যবস্থা করেছেন।

১৩ নম্বর ওয়ার্ডের হঠাৎ কলোন এলাকার বানভাসি মানুষদের বক্তব্য, 'এবারে মহানন্দা নদীর জল হঠাৎ করে ব্যাপক হারে বেড়ে গিয়েছে। অসংখ্য ঘরবাড়ি প্লাবিত হয়েছে। ডিঙি নৌকা করে বাড়ির জিনিসপত্রগুলি কোনরকমে সরাতে পেরেছি। কিন্তু টিন ও টালির ছাদ দেওয়া ঘরগুলি জলের তরে নষ্ট হতে বসেছে। যদিও এই পরিস্থিতির মধ্যে স্থানীয় কাউন্সিলর খোঁজ খবর নিয়েছেন। বিকল্প হিসেবে আশেপাশের স্কুলগুলিতে এলাকার মানুষদের বসবাসের ব্যবস্থা করেছেন।' ইংরেজবাজার পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের দক্ষিণ বালুচর এলাকার নদী তীরবর্তী বাসিন্দা ভানু সিং সঞ্জয় দাস, পুতুল মণ্ডলদের বক্তব্য, 'দুর্গাপুজোর বাকি প্রায় দেড় মাস। তার মধ্যেই মহানন্দা নদীর জল ঢুকে প্লাবিত হয়েছে। মনে হয় না এবারে দুর্গা পুজোর মধ্যেই নদীর জল কমবে। আর আমরা নিজেদের বাড়িতে ঢুকতে পারবো।' শহরের মধ্যেই মহানন্দা নদীর তীরবর্তী এলাকার এমন সমস্যায় এখন দিশেহারা অসংখ্য মানুষেরা। এদিকে এই পরিস্থিতি নিয়ে রীতিমতো পুরসভা এবং প্রশাসনের একাংশকে দায়ী করেছে জেলা বিজেপি নেতৃত্ব। বিজেপির দক্ষিণ মালদার সাংগঠনিক সভাপতি অজয় গাঙ্গুলি বলেন, 'মহানন্দা নদীর যে সব জায়গা প্লাবিত হয়েছে সেগুলি বসবাসযোগ্য নয়। কিন্তু ভোট ব্যাঙ্ক বাড়ানোর জন্যই শাসকদলের স্থানীয় নেতৃত্ব কৌশলে ওইসব জায়গায় অনেককে আশ্রয়ের ব্যবস্থা করে দিয়েছে।' অন্যদিকে, তৃণমূল পরিচালিত ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরি বলেন, 'বিজেপির অভিযোগ সঠিক নয়। তবে নদী তীরবর্তী এলাকার বেশ কিছু জায়গায় মহানন্দার জল ঢুকেছে। সেইসব পরিবারগুলিকে আশেপাশে সরকারি স্কুল এবং ফ্লাড সেন্টারগুলিতে বসবাসের ব্যবস্থা করা হয়েছে।' জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, 'বিভিন্ন এলাকার পরিস্থিতির উপর নজর রয়েছে। মহানন্দা নদীর পাশাপাশি গঙ্গা নদীর সংলগ্ন মানিকচক, রতুয়াঘাট ১ এবং কালিয়াচক ৩ ব্লকের প্রায় ৬৫০টি পরিবারকে সরিয়ে আনা সম্ভব হয়েছে। তাঁদেরকে সমস্ত রকম ভাবে ত্রাণ সামগ্রী দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।'

জলবন্দি খানাকুলের ২ নম্বর ব্লক
দুই মাস ধরে চলছে ত্রাণশিবির

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: আরামবাগ মহকুমার খানাকুল বিধানসভার একাংশ যেন জলাভূমিতে পরিণত হয়েছে। প্রায় ৬০ দিন ধরে জলবন্দী অবস্থায় রয়েছেন খানাকুল ২ নম্বর ব্লকের চার পাঁচটি অঞ্চলের কয়েকশো মানুষ। দুই মাস ধরে ত্রাণ শিবিরে আসা ১,২৪২ জন মানুষকে খাওয়া দাওয়ার ব্যবস্থা করে চলেছে প্রশাসন। প্রশাসন সূত্রে জানা গেছে, খানাকুল ২ নম্বর ব্লকের পাঁচ জায়গায় ত্রাণ শিবির চলছে। তাঁদের রান্না করে খাবার খাওয়ানো হচ্ছে। জানা গেছে, খানাকুলের ধান্যনগরী, ঘোরাদহ, মাড়োখানা, বলাইচক, চিংড়া, নতিবপুর, গনেশপুর, জগৎপুর-সহ বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। সুন্দরবনের মতো জলাভূমির মধ্যে বসবাস করছে বন্যা কবলিত মানুষ। কিছুতেই জল নামছে না। অভিরাম বৃষ্টির ফলে জল জমে রয়েছে চারিদিকে। বাড়ির বাইরে বের হতে হলেই নৌকো ছাড়া কোনও উপায় নেই। এখনও রাস্তার উপর কোমড় সমান জল। সড়ক পথের বদলে জলপথেই যাতায়াত করতে হচ্ছে। এই বিষয়ে মাড়োখানা এলাকার এক মহিলা আলপনা সামন্ত বলেন, 'প্রত্যেক বছরই বর্ষাকালের জন্য খাদ্য মজুত করে রাখা হয়। এই বছর টানা ৬০ দিন জলবন্দী হয়ে আছি। একেবারে আর্থিক সংকটে দিন কাটছে। প্রত্যেকদিন টোটো চালিয়ে সংসার চলত। কিন্তু সেই পরিষেবা বন্ধ হয়ে যাওয়ায় সমস্যার মধ্যে দিন কাটছে।' খানাকুল ২ নম্বর পঞ্চায়েত সমিতির পরিচালনায় এই ত্রাণ শিবিরগুলিতে দুপুরের খাবার খাওয়ানো হচ্ছে। পাশাপাশি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাও জলবন্দী মানুষদের সাহায্য করছে। খানাকুলের জলবন্দী এলাকায় শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে। বহু স্কুলে জল জমে থাকায় স্কুল বন্ধ রাখতে হয়েছে। তাছাড়া এলাকার ছাত্রছাত্রীরাও জলবন্দী হয়ে ঘরবন্দী হয়ে রয়েছে। এই

বিষয়ে উদ্বেগে ভুগছেন শিক্ষক থেকে অভিভাবকেরা। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, বন্যা কবলিত মানুষদের পাশাপাশি পশুদের রাখার জন্যও শিবির খোলা হয়েছে। পাঁচ থেকে ছয়টি শিবিরে পুশুদের রেখে খাদ্য দেওয়ার পাশাপাশি চিকিৎসার ব্যবস্থা করে প্রশাসন। এই বিষয়ে খানাকুল পঞ্চায়েত সমিতির সভাপতি রুম্পা মণ্ডল বলেন, 'প্রায় দুই মাসের বেশি সময় ধরে খানাকুল দুই নম্বর ব্লকের ৯০ শতাংশ বন্যা জলে জলমগ্ন হয়ে আছে। আমরা সাধারণ মানুষের জন্য রান্না করা খাবারের ব্যবস্থা করেছি। প্রায় পাঁচ ছয়টি ত্রাণ শিবির খোলা রয়েছে। কিন্তু সরকারের সাহায্য না পেলে কতদিন এই ভাবে চলবে জানি না। মানুষ প্রচুর সমস্যায় আছে।'

২৬'-এ ভোটের পর বদলা হবে, বদলও হবে', পাণ্ডবেশ্বরের সভায় হুঙ্কার শুভেন্দুর

নিজস্ব প্রতিবেদন, লাউদোহা: আরজি কর, কসবা-সহ পশ্চিমবঙ্গে নারীদের সুরক্ষার দাবিতে 'কন্যা সুরক্ষা যাত্রা'র আয়োজন করা হয়েছিল দুর্গাপুর-ফরিদপুর ব্লকের গোগলা এলাকায়। গোগলার পানসিউলি মোড় থেকে পদযাত্রা করে মাদারবুনি কোলিয়ারি এলাকার একটা ময়দানে গিয়ে সভা করে বিজেপি। এদিনের অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শতাধিক বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে তিনি মিছিলে পা মেলান। প্রায় আড়াই কিলোমিটার পদযাত্রা করে সভায় অংশ নেন তিনি।

এদিনের অনুষ্ঠানে বিরোধী দলনেতা জানান, 'গুন্ডামি, অবৈধ খনি ও মাফিয়ার রাজত্ব আর চলবে না।' শুভেন্দু অধিকারী সরাসরি স্থানীয় তৃণমূল বিধায়ক নরেন্দ্রনাথ

চক্রবর্তীর বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ তোলেন। শুভেন্দু অধিকারীর অভিযোগ, 'ওই বিধায়ক পুলিশ, কয়লা, বালি মাফিয়াদের সঙ্গে আঁতাত করে দীর্ঘদিন ধরে বেআইনি কার্যকলাপ চালাচ্ছেন। এই ঘটনা শুধু পাণ্ডবেশ্বরেই নয়, গোটা রাজ্যেই ঘটছে।'

এদিন পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুর-ফরিদপুরের পান শিউলি এলাকায় বিজেপির জনসভা ও 'কন্যা সুরক্ষা যাত্রা'য় পা মিলিয়ে তৃণমূলকে পরপর তোপ দাগলেন রাজ্যের বিরোধী দলনেতা। শুভেন্দুর সাফ বার্তা, 'এখানে ভয়ের পরিবেশ তৈরি করা হয়েছে, গুন্ডামি চলছে। ভোটার তালিকা সংশোধনের পর তৃণমূলকে খুঁজে পাওয়া যাবে না। ভোটার তালিকা থেকে নাম বাদ যাবে বাংলাদেশি মুসলমান ও রোহিঙ্গাদের। ২০২৬-এ রাজ্যে বদল হবে, বদলাও হবে।'

বাংলায় এসআইআর হবে, কেউ আটকাতে পারবে না: মিঠুন

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: 'এসআইআর হবে, কেউ আটকাতে পারবে না। বিধানসভার ভোটের আগে কেন্দ্রীয় সরকার রাজ্য প্রশাসনের অধীনস্থ থাকা আধিকারিকদের সরানো হবে। না হলে রাজ্য তৃণমূল সরকার নিজের মতো করে ভোট করবে, তাই এটা না হলে বিজেপি আসতে পারবে না।' এমনটাই জানালেন বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী। মঙ্গলবার বর্ধমান দক্ষিণ ও বর্ধমান উত্তর বিধানসভার বিজেপি কর্মীদের নিয়ে বৈঠক করেন মিঠুন চক্রবর্তী। এদিন বিকেল পাঁচটায় বর্ধমান রবীন্দ্র ভবনে উপস্থিত হন তিনি। সঙ্গে ছিলেন বর্ধমান জেলার বিজেপি সভাপতি অভিজিৎ তা-সহ মণ্ডলের সভাপতি ও সদস্যরা। মিঠুন স্পষ্ট জানান, ভোটে ফল খারাপ হওয়ার জন্য দলের মধ্যে যে সমস্যা তৈরি হয়েছিল, তা মেটানোর জন্যই তিনি জেলায় জেলায় বেড়িয়েছেন কর্মীদের নিয়ে বৈঠক করে দলকে মজবুত করতে। তিনি আরও বলেন, 'নির্বাচনের সময় কেন্দ্রীয় বাহিনীরা যদি ঠিকঠাক কাজ করেন, তবে ভোট ভালো হবে। কেন্দ্রীয় বাহিনীরাই কোথাও কোথাও

ভোটের সময় বেসামাল হয়ে যায়। বাহিনী ঠিক থাকলে সব বুথে তাদের এজেন্ট বসতে পারবে।' তিনি এদিন ফের দাবি করেন, 'সবাই যদি ঠিকঠাক কাজ করে এবং এসআইআর সম্পূর্ণ হয়, তাহলে আগামী ২৬-এর নির্বাচনে রাজ্যে বিজেপি ক্ষমতায় আসবেই।'

সামশেরগঞ্জে ফের ভয়াবহ গঙ্গা ভাঙন

নিজস্ব প্রতিবেদন, সামশেরগঞ্জ: গভীর রাত থেকে সামশেরগঞ্জে ফের ভয়াবহ গঙ্গা ভাঙন শুরু হয়েছে। বাড়িতে ঘুমিয়ে থাকা অবস্থায় ভাঙন শুরু হয়। রাত থেকে সকাল পর্যন্ত তলিয়ে গেল আট থেকে দশটি বাড়ি। আতঙ্ক আর হুড়োহুড়ি পড়ে গিয়েছে সামশেরগঞ্জ ব্লকের উত্তর চাচন্ড এবং মধ্য চাচন্ড গ্রামজুড়ে। মঙ্গলবার ভোর রাত থেকে শুরু হয়েছে ভয়াবহ এই ভাঙন। গঙ্গার পাড়ে বিপজ্জনকভাবে ঝুলছে একটি মন্দির। কোনওরকমে পালিয়ে প্রাণে বেঁচেছেন স্থানীয় বাসিন্দারা। হঠাৎ করে ভাঙনের ফলে ঘরের আসবাবপত্র সবকিছু গঙ্গা গর্ভে তলিয়ে গিয়েছে। ভেসে গিয়েছে বেশ কয়েকটি গবাদি পশুও। তলিয়ে গিয়েছে বহু গাছপালা। ফাটল ধরেছে গঙ্গা সংলগ্ন এলাকায় থাকা প্রাচীন কালীমন্দিরে। যেকোনও মুহূর্তে তলিয়ে যেতে পারে মন্দির। মঙ্গলবার সকাল থেকেই আতঙ্ক আর হুড়োহুড়িতে যে যেদিকে পারছেন পালাচ্ছেন। আবার বাড়ির আসবাবপত্র নিয়ে অন্যত্র কোথায় যাবেন কী করবেন ভেবে পাচ্ছেন না দুর্গত গৃহহারারা। সামশেরগঞ্জের বিডিও সুজিত চন্দ্র লোধ বলেন, 'কয়েকটি বাড়ি তলিয়ে গিয়েছে। একটি মন্দির বিপজ্জনক অবস্থায় ঝুলছে। প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্তদের সাহায্য করা হচ্ছে।' উল্লেখ করা যেতে পারে, গত কয়েকদিন থেকেই সামশেরগঞ্জের বেশ কয়েকটি গ্রামে বন্যা আতঙ্ক লক্ষ্য করা যাচ্ছে। বাঁধে ফাটল ধরে জল ঢুকছে চাচন্দে পাশের একটি গ্রামে। এরই মাঝে ভাঙন ঘিরে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এই পরিস্থিতিতে অবিলম্বে পর্যাপ্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন সাধারণ মানুষ। ব্লক প্রশাসন সূত্রে খবর, গৃহহারাদের সাহায্যের জন্য ত্রান সামগ্রী পাঠানো হচ্ছে। দুর্গত স্থানীয়দের একটি স্কুলে ও অস্থায়ী শিবিরে রাখার ব্যবস্থা করা হচ্ছে। চাচন্ড উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজাউর রহমান বলেন, 'যাদের বাড়ি তলিয়ে গিয়েছে তারা শুধু প্রাণ নিয়ে ঘর থেকে বের হতে পেরেছেন। সংসারের যাবতীয় সামগ্রী বাড়ির সঙ্গেই তলিয়ে গিয়েছে। পরিবারগুলি পথে বসেছে।'

কলেজে একাধিক বিষয় তুলে নেওয়ায় তৃণমূলের প্রতিবাদ

নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ: রানিগঞ্জের দীর্ঘ প্রাচীন ঐতিহ্যবাহী ত্রিবেণী দেবী ভালোটিয়া কলেজ 'টিডিবি' কলেজ নামেই পরিচিত। সেই কলেজে পোস্ট গ্র্যাজুয়েটে

আটটি বিষয়ের মধ্যে পাঁচটি বিষয় বন্ধ রাখার অভিযোগ উঠল। কলেজ গেটের সামনে বসে প্রতিবাদ জানাল তৃণমূলের ছাত্র সংগঠনের নেতা কর্মীরা। সঙ্গে দেন বেশ কিছু জন কলেজ ছাত্রছাত্রীও।

তাঁদের দাবি, 'অবিলম্বে যে পাঁচটি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট পড়ানোর ব্যবস্থা কলেজে ছিল, তা চালু রাখতে হবে।' সমস্ত বুদ্ধিজীবী সদস্যদের এই প্রতিবাদের শামিল হওয়ার ডাক দেন তাঁরা। জানা গিয়েছে, কলেজে যে পাঁচটি বিভাগ থেকে পোস্ট গ্র্যাজুয়েট পড়ার সুযোগ পেতেন পড়ুয়ারা, সেই বিষয়গুলি হল ইংরেজিতে এমএ, জিওগ্রাফিতে এমএসসি, কেমিস্ট্রিতে এমএসসি, জুওলজিতে এমএসসি এবং এম.কম। এই পাঁচটি বিভাগ পড়ানোর ব্যবস্থা বন্ধ করা হচ্ছে। কলেজ কর্তৃপক্ষ যদিও দাবি করেছেন, 'বেশিরভাগ ক্ষেত্রেই পড়ুয়াদের সংখ্যা কম থাকার বিষয় লক্ষ্য করে এবং কলেজের প্রফেসরের সংখ্যা কম থাকার কারণে গভর্নিং বডির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। আর তারপরেই বিশ্ববিদ্যালয় থেকে কেন্দ্রীয় শিক্ষা বোর্ডের নির্দেশিকার বিষয়কে নজরে রেখে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।' তবে আগামীতে কলেজ কর্তৃপক্ষ এ বিষয়ে কী পদক্ষেপ গ্রহণ করে সেটাই এখন দেখার।

বর্ধমান জেলার কালনায় শ্রাবণ মাসে বহু প্রাচীন মহিষমর্দিনী পুজো মা দুর্গারই আরেক রূপ।

মঙ্গলবার সিঙ্গুর বিধানসভার বেড়াবেড়ি গ্রাম পঞ্চায়েতে 'আমাদের পাড়া, আমাদের সমাধান' শিবিরে রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না।

নারী ও শিশু পাচার রোধ বিষয়ক সেমিনার হিলি উচ্চ বালিকা বিদ্যালয়ে

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: নারী ও শিশু পাচারের মতো ভয়াবহ সামাজিক অপরাধ রোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান হিলি উচ্চ বালিকা বিদ্যালয়-এ অনুষ্ঠিত হল এক বিশেষ সচেতনতামূলক সেমিনার। দক্ষিণ দিনাজপুর জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটি ও হিলি উচ্চ-বালিকা বিদ্যালয়ের উদ্যোগে এবং হিলি বিওপি'র বিএসএফ-এর সহযোগিতায় একদিনের এই সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ দিনাজপুর জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারপার্সন মন্দিরা রায়, হিলি বিওপি'র ইন্সপেক্টর ইনচার্জ ভাবনা শর্মা, জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটির সদস্য সুরজ দাশ এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতা ভৌমিক। জেলা চাইল্ড ওয়েলফেয়ার

কমিটির চেয়ারপার্সন মন্দিরা রায় বলেন, 'নারী ও শিশু পাচার রোধে সীমান্তবর্তী এই এলাকার জনসচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত জরুরি।'

বিএসএফ ইনচার্জ ভাবনা শর্মা মানব পাচারের ভয়াবহতা তুলে ধরে বলেন, 'মানব পাচার একটি গুরুতর সামাজিক অপরাধ, যা কেবল আইন প্রয়োগকারী সংস্থা নয়, বরং সমাজের প্রতিটি মানুষকে একযোগে প্রতিরোধ করতে হবে।' সুরজ দাশ নারীপাচারের সামাজিক, অর্থনৈতিক এবং মানসিক প্রভাবের নানা দিক নিয়ে বিস্তারিত আলোকপাত করেন। তিনি বিশেষভাবে ছাত্রছাত্রীদের উদ্দেশে সতর্কবার্তা দেন এবং সন্দেহজনক পরিস্থিতি চিহ্নিত করে দ্রুত প্রতিবাদ জানানোর আহ্বান জানান। আলোচনা পর্ব শেষে বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী ও অতিথিবৃন্দ বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক শপথ বাক্য পাঠ করেন। শপথ গ্রহণের মুহূর্তে গোটা প্রাঙ্গণে এক ঐক্যবদ্ধ অঙ্গীকারের আবহ তৈরি হয়। অন্যদিকে, এদিনের এই কর্মশালার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে মানবিক মূল্যবোধ ও সামাজিক দায়বদ্ধতার বীজ রোপিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতা ভৌমিক অনুষ্ঠানের সফলতা কামনা করে অতিথিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এমন উদ্যোগ অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন।

ভোটার তালিকায় নাম বাদ চুঁচুড়ার ডেপুটি মেয়র দম্পতির

নিজস্ব প্রতিবেদন, চুঁচুড়া: তৃণমূলের অভিযোগ, মানুষকে ভয় দেখাতে বিজেপি নির্বাচন কমিশনকে দিয়ে এসআইআর-এর জুজু দেখাচ্ছে। আর বিজেপির দাবি, ভুয়ো ভোটার ধরা পড়ার ভয় পাচ্ছে তৃণমূল। গোটা দেশের রাজ্য-রাজনীতিতে এখন ইস্যু একটাই এসআইআর। এই নিয়ে উত্তাল হচ্ছে সংসদ। এই আবহের মধ্যেই এবার জানা গেল পুরসভার ডেপুটি মেয়রের নাম নেই ভোটার তালিকায়, নাম নেই তাঁর স্ত্রীরও। যার জেরে তুমুল চাঞ্চল্য চুঁচুড়া পুরসভায়। বিহারের ইতিমধ্যেই এসআইআর হয়েছে। তারপর থেকেই বাংলায়ও স্পেশ্যাল ইনটেনসিভ রিভিশান (এসআইআর) নিয়ে জল্পনা শুরু হয়েছে। ইতিমধ্যেই ২০০২ সালের ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে কমিশনের তরফে। সেই তালিকাতেই দেখা যাচ্ছে চন্দননগর কর্পোরেশনের ডেপুটি মেয়র অমিত আগরওয়াল (মুন্না) ও তাঁর স্ত্রী ববিতা আগরওয়ালের নাম নেই। ১৮২ চন্দননগর বিধানসভার ২ নং অংশে খলিসানি বৌবাজারে তাঁদের বুথ। তালিকায় মুন্নার মা ও ভাই-এর নাম থাকলেও নেই অমিতের। এই প্রসঙ্গে ডেপুটি মেয়র বলেন, '২০০২ সালের আগে পরে যত নির্বাচন হয়েছে সব নির্বাচনেই ভোট দিয়েছি। আমি নিজে তিনবার কাউন্সিলর নির্বাচিত হয়েছি। তার আগে খলিসানি এলাকা পঞ্চায়েত ভোটেও আমি ইলেকশনের এজেন্ট ছিলাম। এখন যে ভোটার তালিকা দেওয়া হয়েছে, সেই তালিকায় দেখছি আমার নাম নেই। আমার জন্মের শংসাপত্র থেকে শুরু করে যে তথ্য আছে, সেগুলো চাইলে আমি দেখাতে পারব। কিন্তু সাধারণ মানুষ, যাঁরা আর্থসামাজিকভাবে পিছিয়ে রয়েছেন তাঁদের ক্ষেত্রে হলে কী করবেন? ভুয়ো ভোটারের কথা বলছে বিজেপি। সেগুলো ধরার দায়িত্ব তো নির্বাচন কমিশনের। যেমন নোট বন্দি করে মানুষকে লাইনে দাঁড় করিয়েছিলেন একইভাবে মানুষকে হয়রান করার চেষ্টা করছেন এসআইআর-এর নামে।' এখানেই শেষ নয়, ডেপুটি মেয়র আরও বলেন, 'আমি একজন রাজনৈতিক দলের কর্মী। কর্পোরেশনের ডেপুটি মেয়র। এলাকায় যথেষ্ট পরিচিতি আছে। আমারই যদি নাম না থাকে তাহলে সাধারণ মানুষের কি হবে?' চন্দননগর বিধানসভার বিজেপি কনভেনার গোপাল চৌবে বলেন, 'এ রাজ্যে শাসক দল তৃণমূল ভয় পেয়েছে। কারণ যে ভুতুড়ে ভোটার রয়েছে, এসআইআর হলে তাঁদের নাম বাদ যাবে। মুন্না আগরওয়ালের নাম যদি না থাকে তার দায় বিজেপির নয়। ২০০২ সালে এই রাজ্যে বামফ্রন্ট সরকার ছিল।'

বাঁকুড়ায় তৃণমূল নেতা খুনে গ্রেপ্তার ২, নাসিমের রাজনৈতিক পরিচয় নিয়ে তরজা

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: বাঁকুড়ার সোনামুখী থানার চকাই গ্রামে তৃণমূল নেতা সেকেন্দার খান খুনের ঘটনায় পারস্পরিক চাপানউতোর অব্যাহত। ইতিমধ্যেই মৃতের পরিবারের তরফে নাসিম শেখ ও তাঁর সহযোগীদের বিরুদ্ধে সোনামুখী থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ দায়ের হতেই নাসিম শেখের দুই ছেলে হাসিম শেখ ইব্রাহিম শেখকে গ্রেপ্তার করেছে সোনামুখী থানার পুলিশ।

তৃণমূল নেতা সেকেন্দার খান খুনের ঘটনার পর থেকেই নাম জড়ায় স্থানীয় তৃণমূলের প্রাক্তন বুথ সভাপতি নাসিম শেখের। যদিও বর্তমানে নাসিম শেখ নিজেকে বিজেপি কর্মী বলে দাবি করেন। মৃতের পরিবারের অভিযোগ, 'শাসক দলে নিজের আধিপত্য কায়েম করতেই নাসিম শেখ, সেকেন্দার খানকে খুন করেছে।' আবার অভিযুক্ত নাসিম শেখ সক্রিয় তৃণমূল কর্মী বলে দাবি করে তাঁর পরিবারের পালটা দাবি, 'সেকেন্দার খুনের ঘটনার সঙ্গে তাঁদের কোনও যোগ নেই।' এবার ঘটনায় মূল অভিযুক্ত নাসিম শেখের রাজনৈতিক পরিচয় নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। তৃণমূলের দাবি, 'নাসিম শেখের সঙ্গে তৃণমূলের কোনও সম্পর্ক নেই। নাসিম শেখ সিপিএম ও বিজেপির যৌথ পরিকল্পনা বাস্তবায়িত করেছে।' আবার অন্য দিকে, বিজেপি ও সিপিএম দু'পক্ষই এই অভিযোগ উড়িয়ে দিয়ে দাবি করেছে, 'এই ঘটনা আসলে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের ফল। এলাকায় শাসক দলের রাশ কার হাতে থাকবে এবং বিভিন্ন সরকারি প্রকল্পের ভাগ বাটোয়ারা নিয়ে তৃণমূলের দুই গোষ্ঠীর দ্বন্দ্বের জেরেই এই খুনের ঘটনা ঘটেছে।'

প্রসঙ্গত, বাঁকুড়ার সোনামুখী থানার চকাই গ্রামের অদূরে গতকাল রাতে খুন হন তৃণমূলের স্থানীয় বুথ আহ্বায়ক সেকেন্দার খান। পয়েন্ট ব্লাঙ্ক রেঞ্জ থেকে পরপর কয়েক রাউন্ড গুলি করে খুন করা হয় ওই তৃণমূল নেতাকে। এরপর থেকেই শুরু হয় রাজনৈতিক চাপানউতোর। তৃণমূলের তরফে দাবি করা হয়, 'এই খুনের পিছনে রয়েছে বিজেপি ও সিপিএম-এর হাত।' আবার মৃতের পরিবারের তরফে দাবি করা হয়, 'তৃণমূলের প্রাক্তন বুথ সভাপতি নাসিম শেখ বর্তমানে বিজেপির কর্মী। এখন সে নিজের পদ ফিরে পাওয়ার জন্য পথের কাঁটা সেকেন্দারকে খুন করে সরিয়ে দিয়েছে।' কিন্তু কে এই নাসিম শেখ? জানা গিয়েছে, চকাই গ্রামে তৃণমূলের প্রাক্তন বুথ সভাপতি নাসিম শেখ। সেকেন্দার খান তৃণমূলের বুথ আহ্বায়কের দায়িত্ব পাওয়ার পর দলের রাশ কার হাতে থাকবে, তা নিয়ে বিবাদ শুরু হয় নাসিম শেখের সঙ্গে সেকেন্দার খানের। চলতি বছর মার্চ মাসে দুই গোষ্ঠীর বিবাদ এমন জায়গায় পৌঁছায় যে তা সংঘর্ষের চেহারা নেয়। ঘটনায় গুলিও চলে বলে অভিযোগ। নাসিম শেখকে গুলি করার অভিযোগে সে সময় গ্রেপ্তার হয় সেকেন্দার। কারাবাসের পর সম্প্রতি মুক্ত হয় সেকেন্দার। তারপরেও এলাকার পঞ্চায়েতের কাজ নিয়ে দুই গোষ্ঠীর মধ্যে ঠান্ডা লড়াই চলছিল। এরই মাঝে গুলিবিদ্ধ হয়ে সেকেন্দার খানের মৃত্যু হওয়ায় স্বাভাবিকভাবেই তাঁর পরিবার অভিযোগের আঙুল তুলেছেন নাসিম শেখের ওপর। মৃতের পরিবারের দাবি, 'নাসিম শেখ সম্প্রতি বিজেপি হয়েছিল। তৃণমূলে নিজের পদ ফিরে পেতেই সে সেকেন্দারকে খুন করেছে। ঘটনার পর থেকেই বাড়িছাড়া নাসিম শেখ।' নাসিম শেখের পরিবারের বক্তব্য, 'নাসিম কোনও দিনই বিজেপি করেনি। সে সক্রিয় তৃণমূল কর্মী। সেকেন্দার বিভিন্ন প্রকল্পের টাকা চুরির চেষ্টা করলে নাসিম তাতে বাধা দেয়। আর তাতেই দু'পক্ষের মধ্যে বিবাদ বাঁধে।' দলের গোষ্ঠীদ্বন্দ্বের কথা স্বীকার করে নিলেও সেকেন্দার খুনে নাসিমের জড়িত থাকার অভিযোগ উড়িয়ে দিয়েছে নাসিমের পরিবার।

নকল আধার কার্ড তৈরি, গ্রেপ্তার ২

নিজস্ব প্রতিবেদন, মালদা: ভিন রাজ্যের আইডি জালিয়াতি করে নকল আধার কার্ড তৈরির অভিযোগে দুই জনকে গ্রেপ্তার করল চাঁচল মহকুমা পুলিশ। গত পাঁচ দিন আগে চাঁচল থানার সুতি এলাকা থেকে মোস্তফা আব্দুল ওয়াহেদ নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। সোমবার গভীর রাতে হরিশ্চন্দ্রপুর থানার উত্তম রামপুর এলাকা থেকে মহম্মদ আজম নামে আরও একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এরা দীর্ঘদিন ধরেই একটি সিএসপি গ্রাহক পরিষেবা কেন্দ্র থেকেই জাল আধার কার্ড তৈরি করে মোটা টাকায় বিক্রি করছিল বলে অভিযোগ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত মোস্তফা আব্দুল ওয়াহেদের বাড়ি চাঁচল থানার সুতি এলাকায়। অপরজন মহম্মদ আজমের বাড়ি হরিশ্চন্দ্রপুর থানার উত্তর রামপুরে। এরা মহারাষ্ট্র, রাজস্থান, তামিলনাড়ুর আইডি ব্যবহার করে নকল আধার কার্ড তৈরি করছিল বলে অভিযোগ। গত পাঁচদিন আগে গোপন সূত্রে খবর পেয়েই প্রথমে চাঁচলে সুতি এলাকার মোস্তফাকে গ্রেপ্তার করে পুলিশ। তার সিএসপি সেন্টার থেকে উদ্ধার হয় ল্যাপটপ, আইবল স্ক্যানার, কিবোর্ড, প্রিন্টার ও একাধিক আধারের রিসিভ কপি। এরপর মোস্তফাকে ওই সময় আদালতের নির্দেশে পাঁচদিনের রিমান্ডে নেয় পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদের হরিশ্চন্দ্রপুরের মহম্মদ আজমকে গ্রেপ্তার করে পুলিশ। তবে তার আগেই তাঁর বাড়ির সদস্যরা ইলেক্ট্রনিক সরঞ্জাম নিয়ে বেপাত্তা রয়েছে। মঙ্গলবার চাঁচল মহকুমা আদালতের সামনে দাঁড়িয়ে ধৃত মোস্তফা আব্দুল ওয়াহেদের বাবা জামিল আক্তার দাবি করে বলেন, 'আমার ছেলে নির্দোষ। ছেলেকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। আজমের লোকজন তাঁর ছেলের সিএসপি সেন্টারের সপ্তাহে দুই থেকে তিনদিন আসত আধার তৈরি ও সংশোধন-সহ একাধিক কাজ করতে। প্রতিটি আধার কার্ড তৈরি ক্ষেত্রে গ্রাহকদের কাছ থেকে ৫০০, আবার কারও কাছ থেকে ১০০০ টাকা করে নিত ওরা। আমার ছেলের সহজ সরল এ ব্যাপারে কিছুই জানতো না। ওকে ষড়যন্ত্র করে ফাঁসানো হয়েছে।' পুলিশ জানিয়েছে, নকল আধার কার্ড তৈরি করার ক্ষেত্রে একটা বড়সড় চক্র কাজ করছে চাঁচল মহকুমা জুড়ে। কতদিন ধরে এরা এই কাজ করছিল এবং এখনও পর্যন্ত কতজনকে নকল আধার কার্ড দেওয়ার ব্যবস্থা করেছে তা পরিষ্কার হয় নি। তাই এদিন ধৃত মহম্মদ আজমকে জিজ্ঞাসাবাদের জন্য মহকুমা আদালতের মাধ্যমে পাঁচ দিনের পুলিশি হেফাজতের আবেদন করা হয়েছে। পাশাপাশি বিগত দিনে গ্রেপ্তার হওয়া মোস্তফাকে জেল হেফাজতে নির্দেশ দিয়েছে আদালত।

ধৃত বাংলাদেশি যুবক

নিজস্ব প্রতিবেদন, গোবরডাঙা: সোমবার রাতে গোবরডাঙা থানার মছলন্দপুর ফাঁড়ির পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে মছলন্দপুর তিন আমতলা এলাকায় একটি বাড়িতে তল্লাশি চালিয়ে রিঙ্কু মণ্ডল নামে এক সাতাশ বছর বয়সি যুবককে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, যুবক প্রায় দেড় বছর ধরে ওই এলাকায় ভাড়া থাকত। যুবকের ঘরে তল্লাশি চালিয়ে বেশ কিছু বাংলাদেশি কাগজপত্র উদ্ধার হয়েছে।

বড়গ্রাম বিলসরা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

গ্রাম:+পোঃ- বিলসরা: খানা- পান্ডুয়া, জিলা:- হুগলী
নিবন্ধন সংখ্যা 2 HG তারিখ 15.02.1961

পরিচালক মণ্ডলীর সদস্য নির্বাচন সংক্রান্ত নিয়মাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয় সমূহ

১. পরিচালক মণ্ডলীর সদস্য সংখ্যা ইত্যাদি সম্পর্কিত তথ্য উপবিধি তে উল্লিখিত ধারা কিংবা পরিচালক মণ্ডলীর সিদ্ধান্ত অনুযায়ী(সমিতির সমস্ত নির্বাচক সদস্য যথোপযুক্ত যোগ্যতা থাকলে সমিতির ৪৫ টা প্রতিনিধি পদের জন্য প্রার্থী হতে পারবেন এবং ভোটদান করতে পারবেন।

২. নির্বাচন সুচি

ক্রম	বিষয়	তারিখ ও বার	স্থান	সময়	দায়িত্বপ্রাপ্ত পদাধিকারীর পরিচিতি
১.	মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ	১৮-০৮-২০২৫ ১৯-০৮-২০২৫	সমিতির কার্যালয়	সকাল ১১ টা থেকে বেলা ২টা পর্যন্ত	এ্যাসিস্ট্যান্ট অফিসার অথবা তার অনুমোদিত ব্যক্তি
২.	মনোনয়নপত্র পরীক্ষা	২১-০৮-২০২৫	সমিতির কার্যালয়	সকাল ১১টা থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত	এ্যাসিস্ট্যান্ট অফিসার অথবা তার অনুমোদিত ব্যক্তি
৩.	মনোনয়নপত্র পরীক্ষা পরবর্তী বৈধ মনোনয়নপত্রের তালিকা প্রকাশ	২১-০৮-২০২৫	সমিতির কার্যালয়	মনোনয়নপত্র পরীক্ষা শেষ হবার অব্যবহিত পর	এ্যাসিস্ট্যান্ট অফিসার অথবা তার অনুমোদিত ব্যক্তি
৪.	মনোনয়নপত্র প্রত্যাহার	মনোনয়ন পত্র জমা সমিতির কার্যালয় দেবার পর থেকে ইং ২২/০৮/২০২৫ (শুক্রবার) বিকাল তিনটা পর্যন্ত।	সমিতির কার্যালয়	মনোনয়ন পত্র জমা দেবার পর থেকে ইং ২২/০৮/২০২৫ (শুক্রবার) বিকাল তিনটা পর্যন্ত।	এ্যাসিস্ট্যান্ট অফিসার অথবা তার অনুমোদিত ব্যক্তি
৫.	মনোনয়নপত্র প্রত্যাহার পরবর্তী চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	২২-০৮-২০২৫	সমিতির কার্যালয়	বিকাল ৩(তিন)টার পর	এ্যাসিস্ট্যান্ট অফিসার অথবা তার অনুমোদিত ব্যক্তি
৬.	(নির্বাচনের তারিখ, স্থান ও সময়	১৪-০৯-২০২৫	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়	সকাল ১১ টা থেকে বেলা ৩টা পর্যন্ত	এ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার এর নেতৃত্বে অন্যান্য আধিকারিক দ্বারা
৭.	ভোট গণনা	১৪-০৯-২০২৫	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়	ভোট গ্রহণ শেষ হবার অব্যবহিত পর	এ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার এর নেতৃত্বে অন্যান্য আধিকারিক দ্বারা
৮.	ভোটের ফল প্রকাশ	১৪-০৯-২০২৫	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়	ভোট গণনা শেষ হবার অব্যবহিত পর	এ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার এর নেতৃত্বে অন্যান্য আধিকারিক দ্বারা

৩. মনোনয়ন গ্রহণ, পেশ, প্রত্যাহার কিংবা পরীক্ষার সময় প্রার্থী কিংবা তার অনুমোদিত ইলেকশান এজেন্ট বা প্রস্তাবক-সমর্থক) কেবল মাত্র পরীক্ষার ক্ষেত্রে(উপস্থিত থাকতে পারবেন।
৪. ভোটারদের ভোট দানের সময় তার সদস্য পরিচয়জ্ঞাপক প্রমাণ, জাতীয় নির্বাচন কমিশন নির্ধারিত পরিচিতি সমূহ কিংবা প্রাপ্ত বিজ্ঞপ্তির নিদর্শ সঙ্গে আনতে হবে।
৫. কোন কারণে কোন সদস্য/ ভোটার এর কাছে বিজ্ঞপ্তি না পৌঁছালে নির্বাচন কার্যক্রম ব্যাহত হবে না এবং তিনি উপযুক্ত প্রমাণ পত্র নিয়ে ভোট দিতে পারবেন।
৬. কোন সদস্য/ ভোটার প্রার্থী যে কোন বিষয় জানতে চাইলে তাকে সমিতি অফিসে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

তারিখ: ১৩.০৮.২০২৫
স্থান- বিলসরা

প্রবীর পাণ্ডে
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার

নির্বাচন ক্ষেত্র, ভোটার সংখ্যা ও কতজন প্রতিনিধি নির্বাচিত হবেন

ক্রম	নির্বাচনী ক্ষেত্র	মোট ভোটার	প্রতিনিধি/আসন সংখ্যা	ভোট গ্রহণ কেন্দ্র
১	বিলসরা-১	৩০০	১২	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়
২	বিলসরা-২	৩২৫	১৩ তন্মধ্যে ২ জন মহিলা	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়
৩	কুলপুকুর	২১৬	৯	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়
৪	শিয়ালাগড়ী ও বড়গ্রাম	২৬৬	১১ তন্মধ্যে ১ জন SC/ST	বিলসরা রবীন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়
	মোট	১১০৭	৪৫	

স্বা/- সন্দীপ নিয়োগী
সহকারী নির্বাচন আধিকারিক
বড়গ্রাম বিলসরা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

স্বা/- প্রবীর পাণ্ডে
সহকারী নির্বাচন আধিকারিক
বড়গ্রাম বিলসরা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড সমিতি লিমিটেড

পেবকো মোটরস লিমিটেড

CIN: L67120WB1971PLC029802
রেজি. অফিস : ৮এ, মোনালিসা, ১৭, ক্যামাক স্ট্রিট, কলকাতা- ৭০০০১৭
ই-মেল : ro@pebcomotors.com, **ওয়েবসাইট :** www.pebcomotors.com

পাবলিক নোটিস - ৫৩তম বার্ষিক সাধারণ সভা

জেনারেল সার্কুলার নং ০৯/২০২৪ তারিখ ১৯ সেপ্টেম্বর ২০২৪ কর্পোরেট বিষয়ক মন্ত্রক কর্তৃক (এমসিএ) জারি করা এবং সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএফডি-পিওডি-২/পি/সিআইআর/২০২৩/১৬৭ তারিখ ৩ অক্টোবর ২০২৪, সেবি কর্তৃক জারি করা (পরবর্তীতে যৌথভাবে সার্কুলার হিসেবে উল্লিখিত) অনুযায়ী কোম্পানি বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠানের জন্য অনুমোদিত ভিসি/ওএভিএম মাধ্যমে সদস্যগণের শারীরিক উপস্থিতি ব্যতীত সাধারণ স্থানে। ২০১৩ সালের কোম্পানি আইনের (আইন) সংস্থান অধীনে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫ (সেবি লিস্টিং রেগুলেশনস) এবং এমসিএ সার্কুলার অধীনে পেবকো মোটরস লিমিটেডের ৫৩ তম (তিপ্পান্ন তম) বার্ষিক সাধারণ সভা শুক্রবার ০৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বেলা ১১.৩০ টায় আইএসটি ভিডিও কন ফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিসুয়াল মিনস (ওএভিএম) মাধ্যমে এজিএম আহ্বায়ক নোটিশে উল্লিখিত বিষয় সমূহ সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে।
উপরোক্ত সার্কুলারগুলিকে মান্যতা দিয়ে এজিএম আহ্বানকারী নোটিস এর সঙ্গে ২০২৪-২০২৫ আর্থিক বছরের বার্ষিক রিপোর্ট ইলেকট্রনিক মাধ্যমে সেই সমস্ত শেয়ারহোল্ডারকেই পাঠানো হবে, যাঁদের ই-মেল আইডি কোম্পানি/কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ডিপজিটরি পার্টিসিপ্যান্টের কাছে রেজিস্টার্ড আছে। কোম্পানি পূর্বেকার মতো সকল সদস্যদেরকে ই-ভোটিং এবং রিমোট ই-ভোটিং -এর সুবিধা দিচ্ছে।
যদি আপনার ই-মেল ঠিকানা ইতিমধ্যে কোম্পানি/রেজিস্টার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট বা ডিপজিটরিজ -এর কাছে নথিভুক্ত থাকে তাহলে এজিএম -এর বিজ্ঞপ্তি সহ ২০২৪-২০২৫ আর্থিক বছরের রিপোর্ট, লগইন তথ্য ই-ভোটিংয়ের জন্য আপনার রেজিস্টার্ড ই-মেলে পাঠিয়ে দেওয়া হবে। যদি আপনার মেল আইডি কোম্পানি/রেজিস্টার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট বা ডিপজিটরিজ -এর কাছে নথিভুক্ত না থাকে তাহলে নিম্নোক্ত মতো ই-মেল আইডি রেজিস্ট্রার করুন ২০২৪-২০২৫ সালের আর্থিক বছরের রিপোর্ট ও ই-ভোটিং -র জন্য লগইন তথ্য পাওয়ার জন্য।

নথিতথ্যের আকারে অধিকারী	ফোলিও নং, শেয়ারহোল্ডারের নাম, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান কপি (সামনে এবং পিছনের) প্যান (স্বপ্রত্যয়িত স্ক্যান কপি প্যান কার্ডের), আধার (স্বপ্রত্যয়িত প্রত্যয়িত স্ক্যান কপি আধার কার্ডের) সহ ইমেল ঠিকানা নথিভুক্তির জন্য কোম্পানির রেজিস্ট্রার এবং হস্তান্তর প্রতিনিধি মেসার্স নিচ টেকনোলজিস প্রা লি nichetechpl@nichetechpl.com অনুরোধ পাঠান। **অনুগ্রহ করে শুক্রবার ২৯ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে হালনাগাদ করুন।**
ডিম্যাট অ্যাকাউন্ট ধারী	অনুগ্রহ করে ডিপি এর পরামর্শ মতো প্রক্রিয়া অনুযায়ী আপনার ইমেল ঠিকানা নথিভুক্ত করুন এবং অনুগ্রহ করে ডিপোজিটরি পার্টিসিপেন্ট (ডিপি) এর সঙ্গে যোগাযোগ করুন। **অনুগ্রহ করে শুক্রবার ২৯ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হালনাগাদ করুন।**

২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.pebcomotors.com-এও পাওয়া যাবে। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণকারী সদস্যদের কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৩-এর অধীনে কোরামের উদ্দেশ্যে গণনা করা হবে।

স্থান : কলকাতা
তারিখ : ১৩.০৮.২০২৫

বোর্ডের আদেশ অনুসারে
পেবকো মোটরস লিমিটেডের পক্ষে
শিল্পা আগরওয়াল
কোম্পানি সেক্রেটারি

হিন্ডওয়্যার

hindware
home innovation limited

Scan the QR code to access the financial results

UNAUDITED CONSOLIDATED AND STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30 JUNE 2025

